NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

# একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী






৪ মৃতা চিকিৎসকের দ্রুত বিচার চান তাপসীর বাবা মনোরঞ্জন মালিক

আরজি কর থেকে বদলি ডাক্তারকে মালদা মেডিক্যালে যোগ দিতে বাধা ৫

কলকাতা ৩০ অগস্ট ২০২৪ ১৩ ভাদ্র ১৪৩১ শুক্রবার অষ্টাদশ বর্ষ ৮১ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 30.8.2024, Vol.18, Issue No. 81 8 Pages, Price 3.00

# আরজি কর-কাণ্ডে নতুন মোড়, তিনটি ফোন কলে বাড়ছে রহস্য

**নিজস্ব প্রতিবেদন:** তিনটি ফোন কলের টুকরো, আর তাতেই নতুন মোড় নিল আরজি কর-কাণ্ড।

আরজি কর-কাণ্ডের প্রথম থেকেই একটি ফোন কলের কথা উঠে আসছিল। ধর্ষিতা এবং নিহত চিকিৎসকের বাবা-মা দাবি করেছিলেন, গত ৯ অগস্ট সকালে তাঁরা দু'বার ফোন পেয়েছিলেন। সেই ফোনে প্রথমে তাঁদের বলা হয়েছিল, 'আপনাদের মেয়ে অসুস্থ।' পরে আবার ফোন করে বলা হয়, 'আপনাদের মেয়ে সুইসাইড করেছে।' পরে কলকাতা হাইকোর্টেও নির্যাতিতার পরিবারের তরফে আইনজীবী একই দাবি করেন। এ বার সেই কথোপকথনের অডিয়ো প্রকাশ্যে এল।



ফোন কলে এক মহিলাকণ্ঠের সঙ্গে অন্য এক পুরুষ এবং নারীকণ্ঠের কথোপকথন রয়েছে। দাবি করা হচ্ছে, আরজি করের ঘটনার দিন নির্যাতিতার বাবা-মায়ের সঙ্গে কথোপকথনের অডিয়ো এগুলি। এই অডিয়োর বিষয়ে নির্যাতিতার বাবা-মাকে প্রশ্ন করা হয়। জবাবে নির্যাতিতার বাবা বলেন, 'এই বিষয়ে আমরা কিছু জানি না। কোথা থেকে কী হয়েছে, কিছুই জানি না।' এ প্রসঙ্গে নির্যাতিতার বাবা বলেন, 'আমি সংবাদমাধ্যমে এ সব কিছু দেখিনি। আমরা টিভি চালাচ্ছি না।'

ওই অডিয়োর প্রথম ক্লিপে এক মহিলা কণ্ঠকে বলতে শোনা যাচ্ছে, কারও একটা শরীর খারাপের কথা। মহিলা কণ্ঠ বলছেন, 'ওর একটু শরীরটা খারাপ হয়েছে। আপনারা কি একটু আসতে পারবেন ইমিডিয়েট?' এর পর দ্বিতীয় ক্লিপে 'আমি অ্যাসিসট্যান্ট সুপার বলছি, আমি ডাক্তার বলছি না' বলে ওই মহিলা কণ্ঠকে বলতে শোনা যায়। আবার তৃতীয় ক্লিপে সেই কণ্ঠই বলছে, 'উনি সুইসাইড করেছেন হয়তো। বা মারা গিয়েছেন।' এই তিনটি অডিয়ো ক্লিপ একটি ফোনেরই অংশবিশেষ, না কি আলাদা আলাদা ফোন কল তা যদিও স্পষ্ট নয়। একই সঙ্গে এই ফোন কল সেই দিনের কি না তা-ও স্পষ্ট নয় এখনও। তবে কথোপকথন একেবারেই তিন জনের। এক পাশে একটি নারী কণ্ঠ। অন্য পাশে দু'জন; একটি পুরুষ এবং অন্যটি মহিলা কণ্ঠ।

প্রসঙ্গত, আরজি কর-কাণ্ডে নিহত চিকিৎসকের বাবা-মা ঘটনার পর থেকেই অভিযোগ করেছিলেন, তাঁদের হাসপাতাল থেকে 'ভুল তথ্য' দেওয়া হয়েছিল। তাঁদের প্রশ্ন, কেন প্রথমে বলা হয়েছিল, তাঁদের মেয়ে অসুস্থ এবং পরে বলা হয়েছিল তাঁদের মেয়ে 'আত্মহত্যা' করেছেন। আদতে যেখানে তাঁদের মেয়েকে ধর্ষণ এবং খুন করা হয়েছে!

প্রথমে অভিযোগ উঠেছিল, কলকাতা পুলিশ থেকে নির্যাতিতার বাবা-মাকে ফোনে খবর দেওয়া হয়েছিল। কলকাতা পুলিশ জানিয়ে দেয়, তাদের তরফে নির্যাতিতার বাড়িতে কোনও ফোন করা হয়নি। হাসপাতালের তরফে কেউ ফোন করেছিলেন। পরে নিহতের বাবা-মা জানিয়েছিলেন, 'অ্যাসিস্ট্যান্ট সুপার' পরিচয় দিয়ে কেউ এক জন ফোন করেছিলেন। তিনি প্রথমে 'মেয়ে অসুস্থ' বলেন। পরে বলেন, 'সুইসাইড' করেছে বলা হয়। প্রকাশ্যে আসা ফোন কলেও তেমনই শোনা যাচ্ছে।

কলকাতা হাইকোর্টে আরজি কর-কাণ্ডের শুনানিতে নিহতের পরিবারের আইনজীবী তথা সিপিএম সাংসদ বিকাশরঞ্জন ভট্টাচার্যও জানিয়েছিলেন, প্রথমে পরিবারের কাছে কেউ এক জন ফোন করে বলেন, 'আপনাদের মেয়ে অসুস্থ।' পরে আবার ফোন করে বলা হয়, 'আপনাদের মেয়ে আত্মহত্যা করেছেন।' সেই প্রসঙ্গে আদালতে রাজ্য সরকার জানিয়েছিল, পরিবারের দাবি সঠিক। দু'বার ফোন গিয়েছিল মৃতার পরিবারের কাছে। তবে ফোনে কী বলা হয়েছিল, তা নিয়ে আদালতে কিছু বলেনি রাজ্য। কেস ডায়েরিতে সেই বিষয়ে নিয়ে কিছু রয়েছে কি না, তা-ও তখনও স্পষ্ট ছিল না।

এ বার সে দিনের কথোপকথনের অডিয়ো ক্লিপ প্রকাশ্যে এসেছে। যাতে তিনটি অডিয়ো ক্লিপিং আছে। তবে দু'টি ফোন কলই তিনটি ভাগে ভেঙে প্রকাশ্যে এসেছে? না কি তিন বারই ফোন করা হয়েছিল? না কি এক বারের ফোন কলই তিনটি ক্লিপিংয়ে প্রকাশ্যে এসেছে, তা স্পষ্ট নয়। এ-ও স্পষ্ট নয় যে, এর পরে আরজি কর হাসপাতালের তরফে নির্যাতিতার পরিবারকে প্রাথমিক ভাবে 'ভুল তথ্য' নিয়ে কী বলা হবে।

# 'মিথ্যা প্রচার চলছে'
# 'ফোঁস'-মন্তব্যের ব্যাখ্যা দিলেন মুখ্যমন্ত্রী মমতা



**নিজস্ব প্রতিবেদন:** তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবসে মুখ্যমন্ত্রীর 'ফোঁস' মন্তব্য নিয়ে ইতিমধ্যেই শুরু হয়ে গিয়েছে রাজনীতি। বৃহস্পতিবারল মেয়ো রোডে তৃণমূল ছাত্র পরিষদের সভায় তাঁর বক্তৃতার 'ব্যাখ্যা' দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পাশাপাশি, এদিন সমাজমাধ্যমে বুধবারের ওই সভার তাঁর বক্তৃতার 'অপব্যাখ্যার' অভিযোগে সংবাদমাধ্যমের একাংশকেও দুষলেন তিনি। মমতা লিখেছেন, 'আমি কিছু সংবাদপত্র, বৈদ্যুতিন (টিভি চ্যানেল) এবং ডিজিটাল মিডিয়াতে একটি নোংরা, বিভ্রান্তিমূলক প্রচার চিহ্নিত করেছি। গত কাল আমাদের ছাত্রদের কর্মসূচিতে আমি যে বক্তৃতা করেছিলাম, সে প্রসঙ্গেই রিপোর্টগুলি প্রকাশ করা হয়েছে।'

এর পরেই সরাসরি তাঁর বক্তৃতার প্রসঙ্গে এসেছেন তৃণমূলনেত্রী। লিখেছেন, 'আমি সবচেয়ে জোরালো এবং স্পষ্ট ভাবে বলতে চাই যে, পড়ুয়াদের (ডাক্তারি ইত্যাদি) বা তাঁদের আন্দোলনের বিরুদ্ধে একটি শব্দও উচ্চারণ করিনি। আমি তাঁদের আন্দোলনকে সম্পূর্ণ সমর্থন করি। তাঁদের আন্দোলন ন্যায্য। আমি কখনই তাঁদের হুমকি দিইনি। কিন্তু কিছু মানুষ আমাকে অভিযুক্ত করছেন। এই অভিযোগ সম্পূর্ণ মিথ্যা।'

বুধবার মেয়ো রোডের জমায়েতের মঞ্চ থেকে মমতা বলেন, 'আমায় অনেক গালাগালি দিয়েছেন। অনেক অসম্মান করেছেন। আমি অনেক ভেবেছি। আমি ভেবে দেখলাম, এঁদের বিরুদ্ধে কোনও দিনও বদলা নিইনি। আমরা বলেছিলাম বদলা নয়, বদল চাই। আজ বলছি, ওই কথা নয়। আজ বলছি, যেটা করার দরকার, সেটা আপনারা ভাল বুঝে করবেন।' তিনি আরও বলেন, 'আমি অশান্তি চাই না। কিন্তু কুৎসা, অপপ্রচার এবং চক্রান্ত করে যে আপনাকে রোজ কামড়াচ্ছে, তাকে আপনি কামড়াবেন না ঠিকই। কিন্তু ফোঁস তো করতে পারেন।'

তাঁর ওই মন্তব্য বিরোধীদের বিরুদ্ধে উস্কানি বলে অভিযোগ উঠেছে। এ প্রসঙ্গে, সমাজমাধ্যমের পোস্টে তাঁর ব্যাখ্যা; 'আমি গত কাল আমার বক্তৃতায় যে বাক্যাংশটি ব্যবহার করেছি তা শ্রীরামকৃষ্ণ পরমহংসের একটি উদ্ধৃতি। কিংবদন্তি সাধক বলেছিলেন, মাঝেমাঝে আওয়াজ তুলতে হয়। অপরাধ ও ফৌজদারি অপরাধ হলে প্রতিবাদের আওয়াজ তুলতে হবে।'

পড়ুয়ারা নন, টিএমসিপির প্রতিষ্ঠা দিবসে তাঁর নিশানা যে বিজেপি ছিল, সে কথাও বৃহস্পতিবার খোলাখুলি জানিয়েছেন মমতা। সমাজমাধ্যমে তিনি লিখেছেন, 'আমি বিজেপির বিরুদ্ধে কথা বলেছি। আমি তাদের বিরুদ্ধে কথা বলেছি কারণ, ভারত সরকারের মদতে তারা আমাদের রাজ্যে গণতন্ত্রকে আঘাত করার এবং নৈরাজ্য সৃষ্টির চেষ্টা করছে। কেন্দ্রের সমর্থনে তারা অনাচার তৈরি করার চেষ্টা করছে। তাই আমি তাদের বিরুদ্ধে আমার আওয়াজ তুলেছি।'

প্রসঙ্গত, বুধবার টিএমসিপির সভায় আরজি কর-কাণ্ড নিয়ে জুনিয়র ডাক্তাদের আন্দোলনকে সমর্থন জানানোর পাশাপাশি তাঁদের কাজে ফেরার বার্তাও দিয়েছিলেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, 'জুনিয়র ডাক্তারেরা যখন দেশ জুড়ে আন্দোলন করছিলেন, আমরা কিন্তু কারও বিরুদ্ধে ব্যবস্থা নিইনি। কারণ আমি মনে করেছিলাম ওঁদের আন্দোলনটা সঙ্গত। ওঁরা ওঁদের বন্ধুর বিচার চাইছেন। কিন্তু দিল্লিতে ডাক্তারদের বিরুদ্ধে এফআইআর করে দিয়েছিল।' তার পরই মমতা বলেন, 'সুপ্রিম কোর্ট বলেছিল, এখনও পর্যন্ত যাঁরা কাজে যোগ দেননি, তাঁদের বিরুদ্ধে কিছু করবেন না। পরে এটা রাজ্যের উপর ছেড়ে দিলাম। আজ কত দিন হল? আজকেও জুনিয়র ডাক্তারদের মিছিল রয়েছে। আমার তাঁদের প্রতি সমর্থন ছিল, আছে, থাকবে। তবে আমি বলব, আপনারা তো মানবিক। সুপ্রিম কোর্টও অনুরোধ করেছে সবাইকে কাজে যোগ দেওয়ার জন্য। অনেক গরিব লোক চিকিৎসা না পেয়ে মারা গিয়েছে। গরিবেরা কোথায় যাবে? অনেক পরিষেবা আপনারা (জুনিয়র ডাক্তার) দেন। আমি আপনাদের কথা দিচ্ছি, আপনারা আন্দোলন করেছেন, কিন্তু আমরা কোনও ব্যবস্থা নিইনি। কোনও ব্যবস্থা নেব না। কিন্তু এ বার আস্তে আস্তে কাজে যোগদান করুন। আমি কোনও পদক্ষেপ করতে চাই না।'

# দিলীপ-সুকান্তের সঙ্গে দেখা করেই তড়িঘড়ি দিল্লি গেলেন রাজ্যপাল

**নিজস্ব প্রতিবেদন:** তড়িঘড়ি দিল্লি গেলেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। বৃহস্পতিবার বিকেলেই রাজধানীর উদ্দেশে রওনা দেন তিনি। বৃহস্পতিবার তাঁর সঙ্গে দেখা করতে রাজভবনে যান বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এবং দিলীপ ঘোষ। তাঁদের সঙ্গে সাক্ষাতের পরেই রাজ্যপাল দিল্লি যান বলে খবর।

রাজভবন সূত্রে জানা গিয়েছে, রাজ্যপালকে আরজি করে মহিলা চিকিৎসককে খুন এবং ধর্ষণের ঘটনার প্রতিবাদে 'পশ্চিমবঙ্গ ছাত্র সমাজ' নামের একটি সংগঠন মঙ্গলবার নবান্ন অভিযানের ডাক দিয়েছিল। সেই কর্মসূচিকে সমর্থন করেছিল বিজেপি। তার পরে বুধবার তৃণমূলের ছাত্র সংগঠন টিএমসিপির প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠান থেকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কড়া ভাষায় আক্রমণ করেছিলেন বিজেপিকে। তাঁর কিছু মন্তব্য নিয়ে বিতর্ক তৈরি হয়েছে। বুধবার ওই মন্তব্যের প্রতিবাদে শাহকে চিঠি লিখেছিলেন সুকান্ত। মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপের দাবিও জানিয়েছিলেন।




মুখ্যমন্ত্রীর মন্তব্যে উদ্বেগ প্রকাশ করে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে চিঠি লেখার পর বৃহস্পতিবার রাজ্যপালের সঙ্গেও দেখা করেছেন সুকান্ত। সেখানেও এই সংক্রান্ত অভিযোগ জানিয়েছেন এবং উদ্বেগ প্রকাশ করেছেন। রাজভবন থেকে বেরিয়ে সুকান্ত বলেন, 'রাজ্যের সর্বোচ্চ পদে থেকে কেউ এই ধরনের মন্তব্য করতে পারেন বলে আমার মনে হয় না। ওঁর মন্তব্যের কথা বাংলাদেশের জামাতের মিল পাওয়া যাচ্ছে। অসম, ওড়িশার মতো রাজ্যের বিরুদ্ধেও কথা বলেছেন মুখ্যমন্ত্রী। আমরা সে বিষয়ে আমাদের উদ্বেগের কথা রাজ্যপালকে জানিয়েছি। ওঁকে জানিয়েছি, রাজ্যের আইনশৃঙ্খলা ভেঙে পড়েছে, সাংবিধানিক ভাবে আপনার যা করার করুন।'

বুধবার মেয়ো রোডের সভা থেকে আরজি কর প্রসঙ্গে কথা বলতে গিয়ে মমতা বলেন, 'আমরা বলেছিলাম বদলা নয়, বদল চাই। আজ বলছি, ওই কথা নয়। আজ বলছি, যেটা করার দরকার, সেটা আপনারা ভাল বুঝে করবেন।' শাহকে লেখা চিঠিতে এই মন্তব্য উদ্ধৃত করেছিলেন সুকান্ত। তাঁর বক্তব্য ছিল, 'পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর নির্লজ্জ মন্তব্যের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। এর মাধ্যমে তিনি বদলার রাজনীতিকেই প্রশ্রয় দিচ্ছেন।' এ ছাড়া, মমতার আরও একটি মন্তব্য নিয়ে বিতর্ক তৈরি হয়েছিল। তিনি বলেছিলেন, 'বাংলায় আগুন জ্বললে অসম, বিহার, ঝাড়খণ্ড, ওড়িশা এবং দিল্লিও জ্বলবে।' এই মন্তব্যের পরে অসম, ওড়িশার মতো বিজেপি শাসিত রাজ্যগুলি মমতাকে একযোগে আক্রমণ করেছিল। তাঁর মন্তব্যের প্রতিবাদ করেন অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা এবং ওড়িশার মুখ্যমন্ত্রী মোহনচরণ মাঝি। কেন্দ্রকে চিঠি দেওয়ার পর সুকান্ত রাজ্যপালের কাছেও মমতার মন্তব্যের বিরোধিতা করেছেন। তার পরেই দিল্লি থেকে রাজ্যপালকে ডাকা হয়েছে বলে সূত্রের খবর।

# মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে এফআইআর

**নিজস্ব প্রতিবেদন:** বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে এফআইআর। 'বাংলা জ্বললে দিল্লিও থেমে থাকবে না', মন্তব্যের জন্য মমতার বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছেন সুপ্রিম কোর্টের আইনজীবী বিনীত জিন্দাল। দিল্লি পুলিশ কমিশনারের কাছে চিঠি লিখে অভিযোগ দায়ের করেছেন তিনি।

আর এই প্রেক্ষিতেই এবার মমতার বিরুদ্ধে দিল্লি পুলিশের কাছে অভিযোগ দায়ের করলেন সুপ্রিম কোর্টের আইনজীবী বিনীত জিন্দাল। বৃহস্পতিবার দিল্লির পুলিশ কমিশনারকে একটি চিঠি লিখে অভিযোগ দায়ের করেন তিনি। ভারতীয় দণ্ডবিধির ১৫২, ১৯২, ১৯৬ ও ৩৫৩ ধারায় অভিযোগ দায়ের করেন। অভিযোগপত্রে বিনীত জিন্দাল লেখেন, 'দলের ছাত্র পরিষদের সভায় মমতা বলেছেন, বাংলা জ্বললে অসম, বিহার, ঝাড়খণ্ড, ওড়িশা এবং দিল্লি জ্বলবে। এটা স্পষ্ট যে এই মন্তব্য প্ররোচনামূলক এবং রাষ্ট্রবিরোধী। বিভিন্ন অঞ্চলের একাধিক গ্রুপের মধ্যে হিংসা এবং ঘৃণা ছড়াতে পারে।' এখানেই থেমে থাকেননি বিনীত জিন্দাল। আরও লেখেন, একটি রাজ্যের মুখ্যমন্ত্রী হিসেবে মানুষের উপর তাঁর প্রভাব রয়েছে। সাংবিধানিক পদে থেকেও এইরকম মন্তব্যের জেরে অশান্তি ছড়াতে পারে। অভিযোগপত্রের প্রতিলিপি রাষ্ট্রপতি ভবন এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রককেও পাঠিয়েছেন সুপ্রিম কোর্টের এই আইনজীবী।



*শ্যামবাজার পাঁচ মাথার মোড়ে কংগ্রেসের প্রতিবাদ মিছিলের জেরে যানজট। ছবি: অদিতি সাহা*

# সিভিক ভলান্টিয়ারদের জন্য ফের বড় ঘোষণা

**নিজস্ব প্রতিবেদন:** অ্যাড-হক বোনাসের পর এবার সিভিক ভলান্টিয়ারদের অবসরকালীন ভাতা বাড়ানো হল। ৩ লক্ষ টাকা থেকে বাড়িয়ে তা ৫ লক্ষ টাকা করা হল। ৬০ বছর পর্যন্ত কাজ করলে এই টাকা পাবেন সিভিক ভলান্টিয়াররা। এর আওতায় পড়বেন ভিলেজ পুলিশও। বৃহস্পতিবার এ সংক্রান্ত নির্দেশিকা জারি করা হয়েছে। কলকাতা পুলিশ, রাজ্য পুলিশ ও ভিলেজ পুলিশের আওতায় পড়েন সিভিক ভলান্টিয়াররা। কিছুদিন আগেই অ্যাড-হক বোনাস বৃদ্ধির কথা ঘোষণা করা হয়েছিল। ১৩ শতাংশ বৃদ্ধির কথা বলা হয়েছিল। আগে ৫ হাজার ৩০০ টাকা অ্যাড-হক বোনাস পেতেন সিভিক ভলান্টিয়ার, ভিলেজ পুলিশরা। দুর্গাপুজোর আগে সেই বোনাস বেড়ে হয় ৬ হাজার টাকা। এবার অবসরকালীন ভাতা আরও ২ লক্ষ টাকা বাড়িয়ে ৫ লক্ষ টাকা করা হল।

*বিস্তারিত শহরের পাতায়*

# তিলোত্তমার বিচার চেয়ে বড় কর্মসূচি নিয়ে পথে বিজেপি



**নিজস্ব প্রতিবেদন:** তিলোত্তমাকে ন্যায় দিতে ধর্মতলার ডোরিনা ক্রসিংয়ে শুরু হয় এই ধর্না কর্মসূচি। এর আগে শ্যামবাজারে পাঁচ দিনের কর্মসূচি ছিল পদ্মশিবিরের। এরপর ফের বৃহস্পতিবার থেকে শুরু হয় আরও বড় কর্মসূচির প্রস্তুতি। বঙ্গ স্যাফ্রন ব্রিগেড সূত্রে খবর, বুধবার রাত থেকেই এই মঞ্চ বাধার কাজ শুরু হয়েছিল। অভিযোগ, সেই সময় বাধা দেয় পুলিশ। তবে ফের বৃহস্পতিবার সকাল হতেই ফের ডোরিনা ক্রসিংয়েই চলে মঞ্চ বাধার কাজ। বস্তুত, গত মঙ্গলবার আরজি কর-কাণ্ডের প্রতিবাদে 'পশ্চিমবঙ্গ ছাত্র সমাজের' ব্যানারে পথে নেমেছিল হাজার-হাজার জনতা। নবান্ন অভিযানে র ডাক দিয়েছিল তারা। আর সেই অভিযান ঘিরে উত্তপ্ত হয়ে উঠেছিল পরিস্থিতি। বিশেষ করে সাঁতরাগাছি-হাওড়া ময়দান-হাওড়া স্টেশন চত্বরের পরিস্থিতি হয়ে ওঠে উত্তপ্ত। পুলিশ থেকে শুরু করে সাধারণ মানুষ, আহত হয় অনেকেই। এই ঘটনার প্রতিবাদে বুধবার আবার ১২ ঘণ্টার ধর্মঘট ডাকে বিজেপি। তবে রাজ্য সরকারের পক্ষ থেকে বন্‌ধকে বেআইনি ঘোষণা করা হয়। ফলে সব তৎপর রাখতে ময়দানে কোমর বেঁধে নামে পুলিশ প্রশাসনও। রাজ্যজুড়ে বন্‌ধের সমর্থনে আটক হন সজল ঘোষ থেকে শুরু করে রাহুল সিন্‌হা, অগ্নিমিত্রা পালরা। এরপর বৃহস্পতিবার থেকে আবার বড় কর্মসূচি শুরু করে বিজেপি। আদালতের অনুমতি নিয়েই এই কর্মসূচিতে সামিল হন তারা। এর পাশাপাশি বৃহস্পতিবার মহিলা মোর্চার নেতৃত্বে রাজ্য মহিলা কমিশনের দপ্তরে তালা ঝোলানোর ডাকও দেওয়া হয়। এদিনের এই কর্মসূচিতে দলের সব মহিলা বিধায়ক এবং প্রাক্তন মহিলা সাংসদদের হাজির থাকতে বলা হয়।



# শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

## নাম-পদবী

গত ২৯/০৮/২৪ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ৭২৫ নং এফিডেভিট বলে Joydev Paul S/o. Sasti Paul ও Joydeb Paul S/o. S. Paul সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## নাম-পদবী

গত ২৯/০৮/২৪ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ৭২৭ নং এফিডেভিট বলে Sk. Rejaul S/o. Sk. Samsul Alam ও Sk. Rajaull S/o. Sk. S. Alam সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## নাম-পদবী

গত ২২/০৭/২৪ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সদর, হুগলী কোর্টে ৪৮৬৯ নং এফিডেভিট বলে আমি Palash Samanta ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Aditi Kumar Samanta ও M. Samanta সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

## নাম-পদবী

গত ২২/০৮/২৪ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ১৪ নং এফিডেভিট বলে Uttam Mondal S/o. Paresh Chandra Mondal ও Uttam Kr. Mondal S/o. P. Ch. Mondal সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## নাম-পদবী

গত ২৭/০৮/২৪ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ১১৭৫৩ নং এফিডেভিট বলে আমি Abdul Alim Bhandari ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Abul Kalam ও A. K. Bhandari সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

## নাম-পদবী

গত ২৯/০৮/২৪ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ১২ নং এফিডেভিট বলে Sk Sourav Ali ও Sk Saurav Ali S/o. Sk Sahabuddin সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## নাম-পদবী

গত ২৭/০৮/২৪ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ১১৭৫৬ নং এফিডেভিট বলে আমি Raju Singh ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Bhagaban Singh ও K Singh সাং ত্রিবেণী, মগরা, হুগলী সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

## নাম-পদবী

LICI পলিসি নং 423894342 এতে আমার নাম Laltu Sk, S/o-Bhugal Sk আছে। গত ১৩/০৮/২০২৪ বহরমপুর SDEM(S) কোর্টের এফিডেভিট বলে আমি Rejaul Shekh S/o Bhugol Shekh নামে পরিচিত হলাম।

**শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১**




## আজকের দিনটি কেমন যাবে ?

**আজ ৩০ শে আগস্ট, ১৪ ই ভাদ্র। শুক্রবার । দ্বাদশী তিথী। জন্মে মিথুন রাশি। অষ্টত্তরী চন্দ্র র দশা, বিংশোত্তোরী বৃহস্পতি মহাদশা কাল। মৃতে ত্রীপাদ দোষ।**

**মেষ রাশি :** তরল পদার্থ কেমিক্যাল সম্পর্ক, ব্যবসা প্রতিষ্ঠান থেকে আয় বৃদ্ধি। পরিবার পরিজন দের সাথে মধুর সম্পর্ক। ছোট ভ্রমণ আর ভবিষ্যতের জন্য বীজ বপন হবে। প্রেম সম্পর্ক শুভ ।প্রতিবাদ করার আগে পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখুন। ছাত্র ছাত্রীদের জন্য আজকের দিনটা অতীব আনন্দের। বাড়ী থেকে কাজে যাওয়ার র সময়, লাল তিলক, লাল রঙের রুমাল রাখুন।

**বৃষ রাশি :** পরিস্থিতি নিয়ন্ত্রণে আপনি কিছু শুভ কাজ করতে পারবেন। অল্প পরিচিত বান্ধবের সহযোগে, সমস্যা থেকে বের হয়ে আসবেন। নতুন পরিকল্পনা করতে পারেন। উচ্চ বিদ্যা তে সাফল্য অর্জন করা যাবে। পিতৃবাক্য মেনে নিতে অসুবিধা কোথায়? মন্দিরে গিয়ে দেবদেবীর পুজো দিন, সফলতা আসবে। পকেটে হলুদ রঙের রুমাল রাখুন, শুভ হবে।

**মিথুন রাশি :** শুক্রবার। হঠাত প্রাপ্তি। প্রতিবেশী স্বজন বান্ধব দ্বারা, ভ্রমন শুভ। প্রেমে বিশ্বাস যোগ্যতা অর্জন করতে হবে। নবম দশম শ্রেণীর ছাত্র ছাত্রী দের জন্য শুভ। লেখক সাহিত্যিক রা সম্মান পাবেন। গোপন কথা গোপন করতে হবে। কাছে সবুজ রঙের রুমাল রাখা উচিত। শ্রী নারায়ণ/ শ্রী কৃষ্ণ সেবা করলে আজ আরো শুভ হবে।

**কর্কট রাশি :** আজ দান বিতরণ করলে, প্রশান্তি অনুভব না থাকার কারণে আজ দুশ্চিন্তা থাকবে। এক সন্তানের কারনে মনকষ্ট বৃদ্ধি হবে। নতুন লগ্নি করা অর্থ ফেরত পেতে দুশ্চিন্তা। স্বজন বান্ধব দের সাথে তর্ক বিতর্ক হবে। জাহাজী ইন্জিনিয়ার দের সফর শেষে বিভ্রান্তি ।আজ একটু ধৈর্য ধরতে হবে। আজ বড় ইন্টারভিউ থাকলে, দিন পরিবর্তন করা ভালো। বাড়ীর বাইরে বের হলে ভগবান গনেশের নামে শুভ হবে।

**সিংহ রাশি :** পুরাতন বান্ধবী বান্ধব প্রতিবেশী স্বজন র দ্বারা, কোন সমস্যা মুক্তি র পথ দেখা যাবে। ব্যাবসা বৃদ্ধির সঙ্গে অর্থ প্রাপ্তি সম্ভব। খাদ্য দ্রব্য ব্যবসায়ীর হাতে অর্থ আসবে। প্রেমে শুভ। স্বজন বান্ধব দের বিবাহ কথা পাকা হবে। প্রতিবেশীর দ্বারা শুভ। আজ সাদা রঙের কোন কিছু সাথে রাখুন। হর হর মহাদেব।

**কন্যা রাশি :** পরিবার স্বজনদের সহযোগিতা, আজ ধৈর্য ধরে কাজ করতে হবে। আজ এমন একটা কাজ করবেন, যা নিয়ে বেশ কয়েকদিন ধরেই দুশ্চিন্তায় ছিলেন। পরিবারের সহযোগীতা নিয়েই আজ এগিয়ে যাবেন। প্রেম আজ মধুরতা প্রদান করার কথা। গোপন বিষয় টা নিয়ে আজ কথা না বললেই ভাল। ভগবান শিবের পুজো করলে শুভ হবে।

**তুলা রাশি :** শুক্রবার। প্রিয়জন আজ মনকষ্ট দেবে। কথা বলার সময় যুক্তি উপস্থাপন না করলে, কাজ টা হবে কি করে? বাড়ীর পাশে সুযোগ আছে, কথা বলতে হবে। আজ ব্যাংক বিষয়ে কোন কিছু শুভ হবে। দেব গনেশ ভগবান মন্ত্র।

**বৃশ্চিক রাশি :** পরিবার স্বজন হারানো কোন নারীর ওপর বিশ্বাস করতে হবে। আজ সতর্ক থাকুন। কাজ শেষ হবে না। পরিশেষে গুপ্ত শত্রুর ষড়যন্ত্রের মোকাবেলা করতে হবে। আজ সকালের সময়ে তিনটি বিল্বপত্র ভগবান শিবের মাথায় দিন, ধৈর্য ধরতে হবে। প্রেমে ভুল বোঝাবুঝি হবে। ভগবান শ্রী কৃষ্ণ নাম।

**ধনু রাশি :** সতর্ক থাকুন। যাকে কাজের দ্বায়িত্ব দিয়েছিলেন সেটা না করার জন্য পরিবার স্বজনের সাথে, পরিবারের সদস্য নয়, এমন মানুষের জন্য-তর্ক বিতর্ক হবে। সঞ্চিত অর্থের সঠিক প্রয়োগ হবে। প্রেম বিষয়ক গোপন কিছু প্রকাশ্যে আসবে। আজ ব্যবসা বৃদ্ধি র প্রভূত সম্ভাবনা। হরিওং বলে পথ চলুন। কুকুর বিড়ালে র সেবা শুভ হবে। দেবী কালরাত্রি মন্ত্র পাঠ।

**মকর রাশি :** শুক্রবার ।সন্তানের জন্য নিরাপদ নয়, আজ দুশ্চিন্তা বৃদ্ধি পাবে। পুরাতন বিবাদ মিটবে। প্রতিবাদ না করাটা শুভ। বিশেষতঃ যারা বেতন ভুক কর্ম করেন। আজ তারা কিছু সুযোগ সুবিধা পাবেন, যারা প্রাক্তন সরকারী কর্মচারী। প্রমিক যুগল প্রানের কথা বলতে পারেন। প্রতিবেশীর দ্বারা সম্মান বৃদ্ধি যোগ। ওম গনেশ দেব মন্ত্র।

**কুম্ভ রাশি :** আজ শুক্রবার। খুব ভেবে নতুন সম্পর্কে এগোতে হবে। প্রিয়জন নাকি প্রয়োজনে প্রিয়জন? গুপ্ত শত্রুর ষড়যন্ত্রের প্লান হবে। পরিবারের সবাইকে নিয়ে কোন আনন্দ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। ব্যাংক ড্রাফট লোন সংক্রান্ত কিছু শুভ হব। ছাত্র ছাত্রী দের জন্য সুখবর আছে। শিব শিব বলুন।

**মীন রাশি :** কষ্টদায়ক তিথি। আপনার সাথে প্রতিবেশী কোন সমস্যা আবার নতুন করে শুরু করতে পারে। পরিবারের সদস্য দের সাথে মধুর সম্পর্ক তৈরি করতে হবে। আপনি যা ভাবছেন তাই যে ঠিক, আর অন্যের ভাবনা ভুল, এই চিন্তা ভাবনা থেকে সরে আসুন। হর হর মহাদেব।

**ঘোষণা-** এই পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের সত্যতা সম্পর্কে এজেন্ট বা পত্রিকা কর্তৃপক্ষ কোনওভাবে দায়বদ্ধ নয়।

## Change Of Name

I **Sunil Pradhan**, S/o Late Kokil Pradhan Aged about 54 years, by religion-Hindu, resident of Vill- Berya, P.O.- Sirishdanga P.S.- Gurguripal, Dist.- Paschim Medinipur, PIN-721102 have change my name from **Sunil Pradhan** to **Dinabandhu Pradhan** for all future purposes. That Aadhar No. 484785743483 where my name has been recorded as Dinabandhu Pradhan S/O Late Kokil Pradhan, that **Dinabandhu Pradhan, S/O Late Kokil Pradhan** and **Sunil Pradhan S/O Late Kokil Pradhan** is the same one and identical person vide affidavit No.-14441 dated 21 Aug 24 Sworn before Advocate Sanchita Shee in Midnapur. **I shall hereafter be known as Dinabandhu Pradhan.**

## নাম-পদবী

আমি Shruti Poddar/ Shruti Chomal Poddar/ Shruti Poddar (Chomal) স্বামী Naba Kumar Poddar, এইচ/বি-৩ বাগুইআটি রাজারহাট গোপালপুর (এম) পোস্ট-অশ্বিনীনগর উত্তর ২৪ পরগনা পিন-700159 এ বসবাসকারী গত 23.08.24 তারিখে ফার্স্ট ক্লাস জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আলিপুর আদালতের এফিডেভিট নং 54392 এর মাধ্যমে আমার নাম পরিবর্তন করে এখন থেকে সর্বত্র Shruti Chomal হইলাম। Shruti Poddar/ Shruti Chomal Poddar/ Shruti Poddar (Chomal) এবং Shruti Chomal বর্তমানে সর্বত্র এক ও অভিন্ন ব্যক্তি হিসাবে পরিচিত হইলাম।

## বিজ্ঞপ্তি

আমার মক্কেল পিন্টু কালড়া, পিতা- ঁদিলবাগ কালড়া ইংরাজী ০২/০৫/২০২৩ তারিখে কাকলী দাস, স্বামী-সমর দাস এর নিকট হইতে কোনা (জে.এল.-১০৭) মৌজায়, এল.আর. ৮২৯৭ খতিয়ানে, আর.এস. ৫২৮, এল.আর. ৫৫৩ নং. দাগে ১ কাঠা ২ ছটাক শালি জমি হাওড়া এ.ডি.এস.আর. অফিসে বুক নং. ১, ভল্যুম নং. ০৫০২-২০২৩, পাতা নং. ১১৭৩১২ হইতে ১১৭৩২৬ ও বিয়িং নং.-০৫০২০৩৯৫৩ নং. পাওয়ার অফ এ্যাটর্নী বলে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন। উক্ত বিষয়ে কারোর কোনও আপত্তি থাকিলে তিনি বালী-জগাছা বি.এল. অ্যান্ড এল.আর.ও. অফিসে যোগাযোগ করিবেন।

## ।। বিজ্ঞপ্তি ।।

বিগত ইং ০২/০৩/২০২৩ তারিখে **চন্দন ব্যানার্জ্জী**, পিতা- মৃত বিজয় ব্যানার্জ্জী ওরফে বিজয় কুমার ব্যানার্জ্জী, **সুচিত্রা বন্দোপাধ্যায়**, স্বামী- মৃত বিজয় ব্যানার্জ্জী ওরফে বিজয় কুমার ব্যানার্জ্জী, উভয়ের সাং- যষ্ঠীনগর, পোঃ আসানসোল, থানা- হীরাপুর, জেলা- পঃ বর্ধমান, আসানসোল A.D.S.R. অফিসে রেজিষ্ট্রীকৃত ১নং বহির ১৭২২ নং আমমোক্তার নামা দলিল মুলে ক্ষমতাপ্রাপ্ত আমমোক্তার হিসেবে **সত্য শংকর ব্যানার্জ্জী** কে নিযুক্ত করেন, **যাহার তপশীল**, জেলা- নদীয়া, থানা- নবদ্বীপ, মৌজা ২০, নবদ্বীপ, হোল্ডিং নং ৩, ওয়ার্ড নং ২, নবদ্বীপ পৌরসভা, ব্যানার্জ্জী পাড়া লেন, L.R. খতিয়ান ৮১০৩, R.S. দাগ ৪৫৭৩, L.R. দাগ ৭২৯৫, পরিমান ২ শঃ, উক্ত সম্পত্তির মধ্যে আমি **সত্য শংকর ব্যানার্জ্জী**, পিতা- মৃত বিজয় কুমার ব্যানার্জ্জী, সাং- শ্রীপল্লী, আসানসোল, পোঃ ও থানা- আসানসোল, জেলা- পঃ বর্ধমান, **সুমিত রায় সিংহ** কে সম্পত্তি বিক্রয় করিয়াছি, **যাহার তপশীল** জেলা নদীয়া, থানা- নবদ্বীপ, ওয়ার্ড নং ২, হোল্ডিং নং ৩, নবদ্বীপ পৌরসভা, ব্যানাজ্জী পাড়া লেন, R.S. দাগ ৪৫৭৩, L.R. দাগ ৭২৯৫, L.R. খতিয়ান ৮১০৩, পরিমান ১.৪৮ শঃ

এতদ্বারা সকলকে অবগত করা হইতেছে যে, কাহারো যদি কোন আইনানুগ আপত্তি বা অধিকার থাকে, তাহলে B.L.&L.R.O. নবদ্বীপ, নদীয়া অফিসে 30 দিনের মধ্যে যোগাযোগ করুন।

**Pranay Debnath**
**Advocate Nabadwip Court**
**Enrolment No. F /1764 /2021**

## বিজ্ঞপ্তি

আমার মক্কেল ১। সঞ্জয় কুমার, পিতা-কামেশ্বর সিং, ২। সীতা দেবী, স্বামী-সঞ্জয় কুমার ইংরাজী ০২/০৯/২০১৯ তারিখে হাওড়া এ.ডি.এস.আর. অফিসে বুক নং. ৪, ভল্যুম নং. ০৫০২-২০১৯, পাতা নং. ১৫৩৬৩ হইতে ১৫৩৮৪, বি. নং.-০৫০২০০৭০০ নং. পাওয়ার অফ এ্যাটর্নী বলে মানব কুমার বাগ, পিতা কুবের চন্দ্র বাগ মহাশয়ের নিকট হইতে খালিয়া মৌজায় জে.এল. নং. ১০৬, হাল ৪৬৮ নং. খতিয়ানে সাবেক ৪৮৯ হাল ৪৯৯ নং. দাগে ৪ (চারি) কাঠা শালি জমি বিক্রয় করিবার জন্য ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন। উক্ত বিষয়ে কারোর কোনও আপত্তি থাকিলে তিনি বালী-জগাছা বি.এল. অ্যান্ড এল.আর.ও. অফিসে যোগাযোগ করিবেন।

## ।। বিজ্ঞপ্তি ।।

### আমমোক্তার নামা

**শ্রী ইন্দ্রনীল চক্রবর্তী** পিতা শ্রী মৃত্যুঞ্জয় চক্রবর্তী সাকিম ডি উইং, ফ্ল্যাট নং 802, রুস্তমজী প্যারামাউন্ট, 18th রোড, অপসিট এস সাহানি স্কুল, পোঃ ক্ষার পশ্চিম, থানা ক্ষার, মুম্বাই, মহারাষ্ট্র, পিন 400052 বিগত ইং 17/03/2022 তারিখে ডি.এস.আর, আন্ধেরী নং-3, মুম্বাই সুবারবান, জেলা বান্দ্রা অফিসে I-3703/2022 নং আমমোক্তার দলিল মূলে আমার মক্কেল (**শ্রী মৃত্যুঞ্জয় চক্রবর্তী** পিতা ঁযতীন্দ্র মোহন চক্রবর্তী সাকিম- মঙ্গল প্রাঙ্গন, পোঃ ও থানা চুঁচুড়া, হুগলী-712101, পঃবঃ)-কে ক্ষমতাপ্রাপ্ত আমমোক্তার নিযুক্ত করেন ও নিম্নবর্ণিত তপশীল সম্পত্তি উক্ত আমমোক্তারনামা দলিল বলে আমার মক্কেল ইং 20/07/2022 তারিখে A.R.A.-I, কলকাতা অফিসে রেজিস্ট্রিকৃত I-6418/2022 নং দলিল মূলে **শ্রীমতী নিলাঞ্জনা চক্রবর্তী**, পিতা শ্রী মৃত্যুঞ্জয় চক্রবর্তী, স্বামী শ্রী প্রসুন দে সাকিম AC-114, 2nd ফ্লোর, সেক্টর-1, সল্ট লেক, থানা বিধাননগর, জেলা উঃ 24 পরগণা, পঃবঃ মহাশয়াকে দানপত্র দলিল করিয়া দেন।

__তপশীল__ – জেলা হুগলী, থানা চুঁচুড়া, মৌজা চুঁচুড়া, জে.এল. নং 20, হাল 4178/1 খতিয়ানে, হাল 328 দাগে বাস্তু জমি 3.7 ডেসিমেল পাকা গৃহাদি সহ আমমোক্তারকৃত সম্পত্তি হইতেছে। এতদ্বারা সকলকে অবগত করা যাইতেছে যে, **শ্রীমতী নিলাঞ্জনা চক্রবর্তী**, পিতা শ্রী মৃত্যুঞ্জয় চক্রবর্তী, স্বামী শ্রী প্রসুন দে উক্ত দানপত্র সম্পত্তি নিজ নামে নাম পত্তন করিবার জন্য বি.এল এ্যান্ড এল.আর.ও মগরা-চুঁচুড়া, অফিসে আবেদন করিয়াছেন, ইহাতে কাহারও কোন আইনানুগ আপত্তি থাকিলে বিজ্ঞপ্তি প্রচার হইবার আগামী ১ মাসের মধ্যে সংশ্লিষ্ট অফিসে আপত্তি জানাইতে পারিবেন, অন্যথায় নিয়ম অনুসারে কার্য্য করা হইবে।

**সনৎ কুমার শীল (উকিলবাবু)**
জেলা জজ আদালত চুঁচুড়া, হুগলী

## বিজ্ঞপ্তি

আমার মক্কেল মুসতাক খান পিতা- সহিদ খান ও ফরিদা বিবি স্বামী- মুসতাক খান, পাঁচবেড়িয়া মৌজায় আমমোক্তার নামা দিয়ে মহ আরেফ খান পিতা ওলি মহ খান এর নিকট ক্রয় করেছে, (309 ও 310/16)। তার জায়গার JL NO 233, RS PLOT 150, LR PLOT 1066 ও 1067, জমি ১৪.৫০ ডেসি, ও ১৪.৫০ ডেসি, এদের নামে রেকর্ড করাতে চায়। মালিকানার ব্যাপারে কারো আপত্তি থাকলে সত্বর জানাতে হবে (১৫ দিনের মধ্যে)। নচেৎ গ্রাহ্য হবে না, মোবাইল মারফত জানাতে পারে ।

এডভোকেট - রাজন গুপ্তা
**Reg No F/300/2008**
**MOB NO 7872139055**

## বিজ্ঞপ্তি

আমি রাজর্ষি বসু, পিতা- তুষার কান্তি বসু, ঠিকানা- প্রিয়নগর, পোঃ- চুঁচুড়া আর.এস., থানা- চুঁচুড়া, জেলা-হুগলী, পিন-৭১২১০২, এতদ্বারা জানাইতেছি যে, আমি বিগত দশ (১০) বছরের অধিককাল সময় চুঁচুড়া আদালতে ল' ক্লার্ক হিসেবে কর্মরত আছি। আমি পশ্চিমবঙ্গ ল' ক্লার্কস স্টেট কাউন্সিল, কলিকাতায় আমার লাইসেন্স ও এনরোলমেন্টের দরখাস্ত করেছি। উক্ত বিষয়ে কারও কোন আপত্তি থাকলে অত্র বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ (পনেরো) দিনের মধ্যে তাহা কাউন্সিল অফিসে দাখিল করবেন।

স্বা/-
রাজর্ষি বসু

## ।। বিজ্ঞপ্তি ।।

### বন্দোবস্তপত্র রহিতকরণ

এতদ্বারা ঘোষণা করা যাইতেছে যে, আমার মক্কেল **শ্রী দিলীপ কুমার গোস্বামী** পিতা প্রয়াত শম্ভু চরন গোস্বামী সাকিম নলডাঙ্গা গোল্ডেন পার্ক, পোঃ নলডাঙ্গা, থানা চুঁচুড়া, জেলা হুগলী, পিন ৭১২১২৩ বিগত ইং 06/03/2023 তারিখে এ.ডি.এস.আর, চুঁচুড়া, হুগলী অফিসে রেজিষ্ট্রীকৃত I -1988/2023 নং বন্দোবস্ত দলিল মূলে তাহার নাবালক নাতি (**শ্রী অগ্নিভ হুই** পিতা শ্রী অনুপ হুই সাকিম নন্দনকানন হুগলী স্টেশন রোড, পোঃ ব্যান্ডেল, থানা চুঁচুড়া, জেলা হুগলী, পিন ৭১২১২৩)-কে বন্দোবস্ত পত্র করিয়াদেন। এক্ষণে প্রকাশ থাকে যে, অত্র পর উক্ত নাবালক নাতি তাহার উক্ত দাদুর উপর অবাধ্য আচরন করায় বিগত ইং 31/05/2024 তারিখে এ.ডি.এস.আর, চুঁচুড়া, হুগলী অফিসে রেজিষ্ট্রীকৃত I -5755/2024 নং ডিড্ অফ্ রিভোকেশন অফ্ ডিড্ অফ্ সেটেলমেন্ট বা বন্দোবস্তপত্র রহিতকরণ পত্র মূলে পূর্বের I - 1988/2023 নং বন্দোবস্তপত্র দলিলখানি ক্যানসেল বা রিভোক করিয়াদেন। আরও প্রকাশ থাকে যে, ইং 31/05/2024 তারিখের পর হইতে উক্ত দলিলের আর কোনও মূল্য রহিল না ও আমার মক্কেলের অবর্তমানে **শ্রী অগ্নিভ হুই** মালিক হইয়া ভবিষ্যতে আর কোনও কার্যাদি বা বিক্রয়, হস্তান্তর ইত্যাদি করিতে পারিবেন না। করিলেও তাহা সর্বস্থলে বা সর্ব্বাদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া গন্য হইবে।

**সনৎ কুমার শীল (উকিলবাবু)**
জেলা জজ আদালত চুঁচুড়া, হুগলী

## আমমোক্তার নামা

আমার মক্কেল শৌভিক গোস্বামী পিতা- ঁচিন্তা হরন গোস্বামী, মিতালী গোস্বামী স্বামী রাম লোচন গোস্বামী, মহান চক্রবর্ত্তী ও অভিনব চক্রবর্ত্তী সর্ব পিতা- সুদীপ চক্রবর্ত্তী শান্তিপুর এ.ডি.এস.আর অফিসে ০১/০২/২০১৩'সালে ৫৬৪, ৫৬৫, ৫৬৭, কৃষ্ণনগর ডি.এস. আর অফিসে ২৫/০১/২০১২ সালে ২২ ও ২৩/০৫/২০২২ সালে ৩৩৬৫ আমমোক্তার নিযুক্ত করেন ১) দেব রঞ্জন দাস পিতা বৈদ্যনাথ দাস সাং- বড় গোস্বামী পাড়া, শান্তিপুর, নদীয়া, পিন- ৭৪১৪০৪, ২) পার্থপ্রতীম প্রামানিক পিতা- ঁপ্রিয়ধর প্রামানিক সাং- ৯৯/৫ রামকানাই গোস্বামী স্ট্রিট, শান্তিপুর, নদীয়া, পিন- ৭৪১৪০৪, ৩) লিটন দাস পিতা- শ্রী রঞ্জিত কুমার দাস সাং- ৬৮/২ নেতাজি সুভাষ রোড, শান্তিপুর, নদীয়া, পিন- ৭৪১৪০৪, ৪) রাজকুমার নাগ পিতা- ঁকাশিনাথ নাগ সাং- অদ্বৈত সড়ক, শান্তিপুর, নদীয়া, পিন- ৭৪১৪০৪। জমির বিবরণ: মৌজা- ২২ নং শান্তিপুর, এল. আর. খতিয়ান- ২৭৩৯, ৪৯০১, দাগ নং- ৬৭৮৩ (২৬.২৫ শতক), ৬৭৬৪ (৭৪.২৫ শতক), ৬৭৬২ (৫৫.৫ শতক), ৬৭৬৬ (২৯.৬২৫ শতক), ৬৭৬৫ (১৬.৮৭৫), ৬৭১২ (৪.৮৭৫ শতক), ৬৭৮২ (১০.৮৭৫ শতক), ৬৭৬৭ (৪২ শতক), ৬৭৬৫ (৪৯.১২৫ শতক) । মোট জমির পরিমাণ: ৩০৯.৩৭৫ শতক । এতদ্বারা সকলকে অবগত করা যাইতেছে যে কাহারো যদি কোন আইনানুগ আপত্তি বা অধিকার থাকে তার জন্য সঠিক পদক্ষেপ গ্রহন করে ১ মাসের মধ্যে নতুবা আইনানুগ ব্যবস্থা হইবে। (কৌশিক গোস্বামী, পিতা ঁচিন্তাহরন গোস্বামী সাং- আগমেশ্বরী স্ট্রীট, শান্তিপুর, নদীয়া, পিন- ৭৪১৪০৪)

অ্যাডভোকেট মোনালিসা ব্যানার্জী, ঠিকানা- পরিচয়, নূতনপল্লি দুর্গাবাড়ির বিপরীত গোলি, নূতনপল্লি, পোঃ এবং থানা বর্ধমান, জেলা: পূর্ব বর্ধমান, ৭১৩১০১

## আমমোক্তারনামা

এতদ্বারা সকলকে জানানো যাইতেছে যে, ১) শ্রী কাশীনাথ ধোলে, পিতা শৈলেন্দ্র নাথ ধোলে, সাকিম খুড়িগাছী, সারদাপল্লী, ভদ্রেশ্বর, হুগলী বিগত ইং ০৯/০২/২০২২ তারিখে চন্দননগর এ.ডি.এস.আর. হুগলী অফিসে রেজিষ্ট্রিকৃত I 0641/2022 নং. আমমোক্তার দলিল মূলে আমার মক্কেল মহঃ ফিরোজ, পিতা মহঃ আলাউদ্দিন, সাকিম ৯৫ জি.টি. রোড, এ্যাঙ্গাস, ভদ্রেশ্বর, হুগলী। মহাশয়কে ক্ষমতাপ্রাপ্ত আমমোক্তার নিযুক্ত করেন। নিম্নবর্নিত তপশীল সম্পত্তি উক্ত আমমোক্তার দলিল বলে আমার মক্কেল ইং ০৫/০৫/২০২২ তারিখে এ.ডি.এস.আর. চন্দননগর হুগলী অফিসে 1843/2022 নং. দলিল মূলে মহঃ ফরয়াজ, পিতা মহঃ দাদুল সাকিম ২৮/২৯ এ্যাঙ্গাস লাইন, এ্যাঙ্গাস, ভদ্রেশ্বর, হুগলী মহাশয়কে বিক্রয় করেন।

তপশীল ঃ জেলা-হুগলী, থানা-ভদ্রেশ্বর, মৌজা-খুড়িগাছী, জে.এল.-২২০, হাল এল.আর.-৮৭১ খতিয়ানে বিক্রয়কৃত 1843/2022 নং. দলিল মূলে এল.আর. ৬৭২ নং. দাগে ৩৮ শতক শুনা জমি এর মধ্যে ১ কাঠা ১১ ছটাক আমমোক্তারকৃত সম্পত্তি বিক্রয়কৃত হইতাছে। এতদ্বারা সকলকে অবগত করা যাইতেছে যে, উক্ত খরিদা জমি মহঃ ফরয়াজ, পিতা মহঃ দাদুল নিজ নামে নাম পত্তন করিবার জন্য বি.এল. অ্যান্ড এল.আর.ও. সিঙ্গুর অফিসে আবেদন করিতেছেন। ইহাতে কাহারও কোন আইনানুগ আপত্তি থাকিলে বিজ্ঞপ্তি প্রচার হইবার আগামী ১৫ দিন মধ্যে সংশ্লিষ্ট অফিসে আপত্তি জানাইতে পারিবেন, অন্যথায় নিয়ম অনুসারে কার্য্য করা হইবে।

**জগন্নাথ কোলে**
**অ্যাডভোকেট**

**IN THE DISTRICT CONSUMER DISPUTES REDRESSAL COMMISSION, CHINSURAH, HOOGHLY,**
**NNICE Building, Ground Floor, Joraghat, P.O- Chinsurah, District-Hooghly, PIN-712101, State- West Bengal.**
**__CONSUMER COMPLAINT NO. 148 OF 2023__**
**Satabdi Biswas.......Complainant**
**-Versus-**
**MARC Developers & ors...**
**...Opposite Parties**
**__NOTICE THROUGH PUBLICATION__**

To,
**Smt. Anjana Das,** Wife of Sri Subhas Das, D/o-Late Manotosh Dutta alias Monotosh Chandra Dutta, 39 No. Nalta Mahajati School Road, Nalta, P.S. Dum Dum, P.O.- Italgacha, Kolkata-700079.

Whereas, the above named Petitioner has instituted the above noted consumer complaint against you u/s 35 of the C.P. Act, 2019 of the Consumer Protection Act, 2019. You are hereby directed to appear before this Commission on the 6th day of September 2024 at 10.30 o' clock in the Forenoon personally or through a duly authorized counsel of the Court to answer why the relief(s) claimed by the Complainant against you should not be granted failing which the Commission will proceed ex-parte against you.

Given under my hand and the seal of the Ld. District Consumer Disputes Redressal Commission, Chinsurah, Hooghly, West Bengal on the 3rd day of July 2024.

**SUKLA SAHA BISWAS**
Signature
Seal of the Commission

## E-TENDER

E- Tenders are invited by the Prodhan, Karimpur- I Gram Panchayat (Under Karimpur- I Panchayat Samity), Karimpur, Nadia. **NIET NO. E-06/KGP-I/2024-25.** Last date of submission **07.09.2024 up to 17p.m.** For details please contact to the office or visit **__www.wbtenders.gov.in__**

**Sd/- Prodhan,**
**Karimpur- I Gram Panchayat.**

## NOTICE

NOTICE is hereby given to all concerned that **Smt. Ratna Chowdhury,** wife of Gyanandra Kishore Chowdhury, resident of K.B. Lane, Bally, Howrah-711201 has agreed to sell my client **Sri Suroj Kumar Biswas,** of Itina, Banipur, Habra, North 24 Parganas, 743233, all that piece and parcel of Shali Land measuring about 12 satak in L.R. Dag no. 429/997 and 04 satak in L.R. Dag no. 432/998, appertaining to L.R. Khatian no. 4328 along with a very old two storied building of 1600 sq.ft. in total in mouza: Asrafabad, J.L. no.: 84, P.S.: Habra, District: North 24 Parganas free from all encumbrances. Any person having any right, title, interest, claim or demand of any nature whatsoever in respect of the said property, is hereby required to make the same known in writing along with the documentary proof thereof, to my client **Sri Suroj Kumar Biswas, Son of Late Sarojit Biswas, resident of Itina, Banipur, P.S.: Habra, North 24 Parganas 743233, Mobile No. 8116017347** within fourteen days from the date of publication hereof, failing which the negotiation shall be completed, without any reference to such claims and the claims if any, shall be deemed to have been given up or waived and no further claim shall be entertained and my client shall proceed with the transaction.

**Sanat Kumar Sil**
**Advocate**
District Judges' Court, Chinsurah, Hooghly

## PUBLIC NOTICE

My Client, **SURYA PRASAD CHATTERJEE** Son of Guruprasad Chattopadhyay resident of Dr. D. N. Roy Road, Goari Bazar, Satish Bhawan, Krishnanagar, District - Nadia, West Bengal - 741101 do hereby declare that **SURYA PRASAD CHATTERJEE** and **SURYA PRASAD CHATTOPADHYAY** is the same and identical person and both are his name and he had declared the same by an affidavit dated 19.08.2019 being no. 923 duly affirmed before the Learned Metropolitan Magistrate at Calcutta. Therefore, there is no impediment and/or hindrance for any authority concerned henceforth to treat **SURYA PRASAD CHATTOPADHYAY son of GURU PRASAD CHATTOPADHYAY** and **SURYA PRASAD CHATTERJEE son of GURU PRASAD CHATTERJEE** as the same and identical person.

**Arjun Samanta**
**Advocate**

## PUBLIC NOTICE

Jindal India Metals Ltd. has purchased 42.5942 dec. of land in Mouza Paniara, comprised in L.R. Dag No. 918 under L.R. Khatian Nos. 715, 1556, 1557, 549, 1213, 1346, 241 from Sri Sujit Jati, Sri Benoy Kumar Jati, Sri Babulal Jati, Sri Abani Jati, Sri Rabindranath Jati, Smt. Astabala Roy, Smt. Menoka Kanrar, Smt. Chaitali Koley, Smt. Manika Jati, Sri Biswajit Jati, Smt. Supriya Adak, Smt. Sujata Sadhukhan, Smt. Sudipa Hantui, Smt. Sulata Hazra, Smt. Sumipa Roy, Sri Narendra Jati, Sri Saumendra Nath Jati via registered Sale Deed No. 03872/2023, dated 14/07/2023 executed by Sri Benoy Kumar Jati, Sri Babulal Jati, Sri Abani Jati by virtue of registered the Power of Attorney, being No. 00356/2012, dated 19/06/2012 and Sri Sujit Jati, Sri Rabindranath Jati by virtue of registered the Power of Attorney, being No. 00420/2012, dated 18/07/2012 and Smt. Sujata Sadhukhan by virtue of registered the Power of Attorney, being No. 00449/2012, dated 01/08/2012. Now we have applied for Mutation of above-mentioned land. Any objections should be reported to BL & LRO, Panchla, Howrah, within 30 days.

## PUBLIC NOTICE

Jindal India Metals Ltd. has purchased 31.1637 dec. of land in Mouza Paniara, comprised in L.R. Dag Nos. 1093 & 918 under L.R. Khatian Nos. 715, 770, 2801, 837, 549, 1213, 1346, 241, 173, 752, 1315 from Sri Sujit Jati, Sri Benoy Kumar Jati, Sri Babulal Jati, Sri Abani Jati, Sri Rabindranath Jati, Smt. Astabala Roy, Smt. Menoka Kanrar, Smt. Chaitali Koley, Sri Partha Jati, Smt. Sonali Jati, Sri Arun Jati, Smt. Anita Mondal (Jati), Smt. Sanchita Das (Jati), Smt. Sudipta Koley (Jati), Smt. Suhrita Das (Jati), Smt. Rumki Dolui, Smt. Jhumki Das (Jati), Sri Tapan Jati, Smt. Manika Jati, Sri Biswajit Jati, Smt. Supriya Adak, Smt. Sujata Sadhukhan, Smt. Sudipa Hantui, Smt. Sulata Hazra, Smt. Sumipa Roy, Sri Narendra Jati, Sri Saumendra Nath Jati, Smt. Kamala Jati, Sri Manas Jati, Smt. Chhaya Jati, Sri Atanu Jati, Sri Sanjay Jati, Smt. Mithu Bera, Smt. Mitali Khan (Jati), Smt. Kakali Malik @ Pampa Malik, Smt. Kuheli Pal (Jati), Sri Pallab Mondal via registered Sale Deed No. 03870/2023, dated 14/07/2023 executed by Sri Benoy Kumar Jati, Sri Babulal Jati, Sri Abani Jati by virtue of registered the Power of Attorney, being No. 00356/2012, dated 19/06/2012 and Sri Sujit Jati, Sri Rabindranath Jati by virtue of registered the Power of Attorney, being No. 00420/2012, dated 18/07/2012 and Sri Manas Jati, Sri Biswajit Jati, Sri Tapan Jati, Sri Babulal Jati, Sri Narendra Jati, Smt. Anita Mondal (Jati) by virtue of registered the Power of Attorney, being Nos. 00487/2012 & 00486/2012, both dated 14/08/2012 and Sri Tapan Jati by virtue of registered the Power of Attorney, being No. 00398/2013, dated 31/07/2013 and Smt. Sujata Sadhukhan by virtue of registered the Power of Attorney, being No. 00449/2012, dated 01/08/2012 and Smt. Kamala Jati by virtue of registered the Power of Attorney, being No. 00272/2012, dated 21/05/2012. Now we have applied for Mutation of above-mentioned land. Any objections should be reported to BL & LRO, Panchla, Howrah, within 30 days.

## PUBLIC NOTICE

Jindal India Metals Ltd. has purchased 4.665 dec. of land in Mouza Paniara, comprised in L.R. Dag Nos. 918, 1093, 906, 919, 890, 891 under L.R. Khatian Nos. 173, 752, 510 from Smt. Pushpita Das (Jati), Smt. Keka Das, Smt. Rekha Kanrar, Smt. Tapasi Halder @ Reba Halder, Smt. Shanta Koley, Smt. Subhra Das, Sri Tanmay Jati, Smt. Sikha Bera, Smt. Ira das, Smt. Kamala Samanta, Smt. Sefali Beravia registered Sale Deed No. 03844/2023, dated 13/07/2023 executed by Sri Manas Jati by virtue of registered the Power of Attorney, being Nos. 03399/2023, dated 19/06/2023 & 01887/2022, dated 12/05/2022 and Smt. Kamala Jati by virtue of registered the Power of Attorney, being Nos. 00256/2014, dated 27/05/2014 & 00272/2012, dated 21/05/2012. Now we have applied for Mutation of above-mentioned land. Any objections should be reported to BL & LRO, Panchla, Howrah, within 30 days.

## PUBLIC NOTICE

Jindal India Metals Ltd. has purchased 1.8564 dec. of land in Mouza Paniara, comprised in L.R. Dag Nos. 901, 923, 1094 & 1095 under L.R. Khatian No. 1213 from Smt. Bimala Kanrar, Smt. Sova Das, Smt. Sandhya Mallick, Smt. Prabharani Baghvia registered Sale Deed No. 03797/2023, dated 10/07/2023 executed by Sri Narendra Nath Jati & Sri Soumendra Nath Jati by virtue of registered the Power of Attorney, being No. 00341/2012, dated 13/06/2012. Now we have applied for Mutation of above-mentioned land. Any objections should be reported to BL & LRO, Panchla, Howrah, within 30 days.

## PUBLIC NOTICE

Jindal India Metals Ltd. has purchased 4.5378 dec. of land in Mouza Paniara, comprised in L.R. Dag Nos. 918, 1093, 906, 919, 890, 891 under L.R. Khatian No. 1213 from Smt. Bimala Kanrar, Smt. Sova Das, Smt. Sandhya Mallick, Smt. Prabharani Baghvia registered Sale Deed No. 03796/2023, dated 10/07/2023 executed by Sri Narendra Nath Jati & Sri Soumendra Nath Jati by virtue of registered the Power of Attorney, being No. 00341/2012, dated 13/06/2012. Now we have applied for Mutation of above-mentioned land. Any objections should be reported to BL & LRO, Panchla, Howrah, within 30 days.

## NOTICE

CORRIGENDUM NOTICE' NIT No- 18e/2023-24, Tender Id :- **2024_ZPHD_644321_2 is hereby cancelled Memo-570(10)/Path-1/2024** under 15th FC **(Tied ) fund, Sl No-(02), Date- 29-08-2024** due to administrative reason by The Prodhan, Patharghata-I Gram Panchayat (Under Tehatta-1 Panchayat Samity), Maliapota, Nadia. Inconvenience is regretted.

**Sd/- Prodhan,**
**Patharghata-I Gram Panchayat.**

# বিজেপি তফসিলি মোর্চার ধরনা ইস্যুতে আদালতের দ্বারস্থ রাজ্য

**নিজস্ব প্রতিবেদন:** ডোরিনা ক্রসিং-এ বিজেপির তফসিলি মোর্চার ধরনা ঘিরে নয়া বিতর্ক। এই ধরনাকে কেন্দ্র করে বুধবারের পর বৃহস্পতিবার ফের আদালতের দ্বারস্থ রাজ্য। বুধবার বিজেপির একাংশের করা মামলায় অবস্থানের অনুমতি দেয় কলকাতা হাইকোর্ট। ২৯ অগাস্ট থেকে ৫ সেপ্টেম্বর পর্যন্ত মঞ্চ বেধে অবস্থান করার অনুমতি দেন বিচারপতি রাজর্ষি ভরদ্বাজ। আদালত সূত্রে খবর, অর্ডারকপি বা নির্দেশনামায় লেখা ছিল, 'ওয়াই চ্যানেল/ ডোরিনা ক্রসিং'-এ ধরনা মঞ্চ তৈরি করতে পারবে বিজেপির তফশিলি মোর্চা। সেই মামলায় এবার আদালতের দ্বারস্থ হল রাজ্য। রাজ্যের দাবি, ওয়াই চ্যানেলের ধরনা মঞ্চ তৈরি হলে রাজ্যের কোনও আপত্তি নেই এবং বুধবার নিজেদের বক্তব্য পেশ করার সময়ে রাজ্য সেই মর্মেই সওয়াল করেছিল। কিন্তু নির্দেশনামায় ওয়াই চ্যানেল অথবা ডোরিনা ক্রসিংয়ের কথা লেখা রয়েছে। রাজ্যের আরও দাবি, রাতেই তারা বিজেপির আইনজীবীকে জানিয়েছিলেন যে বৃহস্পতিবার এই মর্মে বিচারপতি ভরদ্বাজের দৃষ্টি আকর্ষণ করা হবে। তা সত্ত্বেও বৃহস্পতিবার সকাল থেকেই মঞ্চ বেঁধে ধরনা কর্মসূচি চালু হয়ে গিয়েছে বলে দাবি রাজ্যের। এরই প্রেক্ষিতে এদিন আদালতে রাজ্য সওয়াল করে, ওই জায়গায় ধরনা কর্মসূচি চালিয়ে যাওয়া হলে সাধারণ মানুষ অসুবিধায় পড়বেন। এদিকে, বিচারপতি ভরদ্বাজের বক্তব্য, তাঁর নির্দেশ ইতিমধ্যেই কার্যকর হয়ে গিয়েছে এবং ধরনা কর্মসূচি চালু হয়ে গিয়েছে, ফলে এই মুহূর্তে তার আর কিছু করার নেই। তিনি জানিয়েছেন, রাজ্য চাইলে ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হতে পারে। বিচারপতি ভরদ্বাজের বক্তব্য, 'ক্রসিং-এর শেষ প্রান্ত থেকেই তো ওয়াই চ্যানেল শুরু হয়।' রাজ্যের বক্তব্য, যেখানে বর্তমানে মঞ্চ বাঁধা হয়েছে, সেখান থেকে ১০ ফুট পিছন দিকে ওয়াই চ্যানেল। ফলে মঞ্চ ১০ ফুট সরিয়ে নিয়ে গেলেই সমস্যার সমাধান হয়ে যায়।

# বেআইনি পার্কিং নিয়ে বিরক্তি প্রকাশ প্রধান বিচারপতির

**নিজস্ব প্রতিবেদন:** বেআইনি পার্কিং মামলা নিয়ে বিরক্তি প্রকাশ করলেন প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম। আদালত সূত্রে খবর, বিধান নগরের একটি বেআইনি পার্কিং নিয়ে মামলা হয়েছিল। সঞ্জীব সিনহা চৌধুরী নামে এক জনৈক ব্যক্তি মামলাটি করেন। তাঁর অভিযোগ ছিল, বিধাননগরে বেআইনি পার্কিং চলছে। যারা পার্কিং-এর টাকা নিচ্ছেন তাদের পরিচয়পত্র থাকতে হবে। সেই মামলায় মন্তব্য করতে গিয়ে প্রধান বিচারপতি বলেন, 'কোনও নির্দেশই সাহায্য করতে পারে না, যদি কিছু করার ইচ্ছে না থাকে।' এই মামলায় পুরনো বাস চালানো নিয়েও উষ্মা প্রকাশ করেন প্রধান বিচারপতি। বলেন, 'যে বাসগুলি ফেলে দেওয়া উচিত সেগুলো আপনারা চালাচ্ছেন। শুধু ড্রাইভার বা কনডাক্টর নয় যাত্রীদের জন্যে বিপজ্জনক হয়ে উঠছে। বাসের ভাড়া কবে রিভাইস করেছেন? বছর কুড়ি আগে? বাস মালিকরা খরচ বাঁচাতে কেরোসিন বা বাজে তেল ব্যবহার করেন। কবে পরিবর্তন হবে?'

# মোটর ট্রেনিং স্কুলগুলিতে বিশেষ নজর

**নিজস্ব প্রতিবেদন:** রাজ্যের মোটর ট্রেনিং-স্কুলগুলির মালিকানা ও ঠিকানা বদলের বিষয়ে সবুজ সঙ্কেত দিল রাজ্যের পরিবহণ দফতর। এব্যপারে একটি সুনির্দিষ্ট নির্দেশিকা তৈরি করা হয়েছে। জানানো হয়েছে, মোটর ট্রেনিং স্কুলগুলি চাইলে উপযুক্ত তথ্যপ্রমাণ দিয়ে মালিকানা ও ঠিকানা বদল করতে পারবে। এ ক্ষেত্রে পরিবহণ দফতরের কাছে মোট ১২টি নথি জমা করতে হবে। সেই সব নথিপত্র যাচাইয়ের পর ঠিকানা ও মালিকানা বদলে অনুমতি দেবে পরিবহণ দফতর। পরিবহণ দফতর সূত্রে জানা গেছে রাজ্যের মোটরযান আইনে মালিকানা কিংবা ঠিকানা পরিবর্তনের সুস্পষ্ট সংস্থান নেই। তার ফলে মোটর ট্রেনিং-স্কুলগুলির মালিকানা ও ঠিকানা বদলের কাজ সারতে সমস্যা হতো। সেই সমস্যা নীরসনেই এই পদক্ষেপ নেওয়া হচ্ছে বলে পরিবহণ দফতর জানিয়েছে।

# সিভিক ভলান্টিয়ার নিয়ে বড় ঘোষণা

**নিজস্ব প্রতিবেদন:** পূর্ব ঘোষণা মত রাজ্যের সিভিক ভলান্টিয়ার ও ভিলেজ পুলিশদের টার্মিনাল বেনিফিট বা অবসরকালীন সুবিধা ৪০ শতাংশ বাড়ানো হল। অবসরের সময় তারা ৩ লক্ষ টাকা পান। তা বাড়িয়ে ৫ লক্ষ টাকা করা হচ্ছে। এই মর্মে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। তাতে বলা হয়েছে, কলকাতা পুলিশ ও রাজ্য পুলিশের অধীনের সমস্ত সিভিক ভলান্টিয়ার অবসরের সময়ে এই সুবিধা পাবেন। তা ছাড়া ভিলেজ পুলিশদেরও এই সুবিধা দেবে রাজ্য সরকার। কদিন আগেই সিভিক ভলান্টিয়ারদের পুজো বোনাস ১৩ শতাংশ বাড়ানোর কথা ঘোষণা করেছে মমতা বন্দ্যোপাধ্যায় সরকার। কলকাতা ও রাজ্য পুলিশের সিভিক ভলান্টিয়ারদের পুজো বোনাসের মধ্যে একটা বৈষম্য ছিল। সেই বৈষম্য ইতিমধ্যে সরকার দূর করেছে। তবে অবসরকালীন সুবিধা বাড়ানো হল তার অনেক বেশি হারে। এক লাফে ৪০ শতাংশ বাড়ানো হল সেই সুবিধা। নবান্নের তরফে বলা হয়েছে, সিভিক ভলান্টিয়ারদের টার্মিনাল বেনিফিট বাড়ানোর বিষয়টি অনেক দিন ধরে সরকারের বিবেচনায় ছিল। সেই লক্ষ্যে এবার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

# ধৃতেরা বিধায়কের শেখানো কথা বলছে, দাবি প্রিয়াঙ্গুর

**নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর:** ভাটপাড়ায় বিজেপি নেতা প্রিয়াঙ্গু পান্ডের ওপর গুলি চালানোর ঘটনায় ধৃত আটজন। পুলিশের দাবি, ভাইরাল হওয়া ভিডিও খতিয়ে দেখে তাঁরা আটজনকে পুলিশ পাকড়াও করেছে। তাদের মধ্যে চারজনকে সেই ভিডিওতে দেখা গিয়েছিল। বৃহস্পতিবার ব্যারাকপুর আদালতে নিয়ে যাওয়ার সময় ধৃতেরা দাবি করেন, প্রিয়াঙ্গু পান্ডেই তাদের গুলি চালাতে বলেছিল নিজের প্রয়োজনে। যাতে উনি কেন্দ্রীয় বাহিনীর নিরাপত্তা পান। যদিও ধৃতদের দাবি উড়িয়ে দিয়ে প্রিয়াঙ্গু পান্ড বলেন, জগদ্দলের বিধায়কের শেখানো কথা ধৃতরা বলছে। তাঁর পাল্টা দাবি, রোহিঙ্গাদের দিয়ে তাঁকে খুন করার চক্রান্ত করা হয়েছিল। তাঁর অভিযোগ, এফআইআরে উল্লেখ থাকা তিনজনের নাম তদন্তের আগেই বাদ দিয়ে দেওয়া হয়েছে। তিনি বলেন, প্রকৃত দোষীদের ধরা হয়েছে কিনা, তা পুলিশই বলতে পারবে। প্রকৃত দোষীদের গ্রেপ্তার না করা হলে তারা আইনি লড়াই জারি রাখবেন। তাঁর আরও অভিযোগ, পুরসভার জেটিং মেশিন দিয়ে রাস্তা আটকে তাঁর গাড়ির ওপর বোমা-গুলি চালানো হয়েছিল। পুরসভার জেটিং মেশিন ওখানে কি করে, তার জবাব পুরসভাকে দিতে হবে। ঘটনা নিয়ে জগদ্দলের বিধায়ক সোমনাথ শ্যাম বলেন, অভিযোগের ভিত্তিতে পুলিশ অভিযুক্তদের পাকড়াও করেছে। তবে ধৃতেরা কার লোক, তা তদন্তেই উঠে আসবে। তাঁর দাবি, এটা কোনও রাজনৈতিক ঝামেলা নয়। দুষ্কৃতীদের সঙ্গে দুষ্কৃতীদের বিবাদের জেরেই এই ঘটনা ঘটতে পারে। তাছাড়া কেন্দ্রীয় বাহিনীর নিরাপত্তা পাওয়ার জন্য এই ধরনের ঘটনা সাজানো হতে পারে।

Ministry of Ports, Shipping & Waterways Government of India | SAGARMALA | PM Gati Shakti

# ২০৪৭ সালের মধ্যে একটি বিকশিত ভারতের জন্য জাতির আকাঙ্ক্ষা পূরণ করা

## ভারতের সবচেয়ে বড় বন্দর বধাবন





একটি উন্নত ভারত গড়তে মহারাষ্ট্র গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আমাদের লক্ষ্য মহারাষ্ট্রকে বিশ্বের বৃহত্তম অর্থনৈতিক শক্তিঘর করে তোলা। মহারাষ্ট্রের বধাবনে একটি বড় বন্দর গড়ে তোলার ফলে অর্থনৈতিক অগ্রগতি বাড়বে এবং বৃহৎ পরিসরে কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে।

নরেন্দ্র মোদি, প্রধানমন্ত্রী

# বধাবন বন্দর-এর

জন্য ভিত্তি প্রস্তর স্থাপন

এবং

দেশ জুড়ে বিভিন্ন মৎস্য প্রকল্পের

উদ্বোধন, ভিত্তিপ্রস্তর স্থাপন এবং জাতীয় রোল আউট

## ₹ ৭৭,০০০ কোটিরও বেশি মূল্যের পরিকল্পনা

## নরেন্দ্র মোদি

প্রধানমন্ত্রী

দ্বারা

**শুক্রবার, ৩০ আগস্ট ২০২৪ পালঘর, মহারাষ্ট্রে**

## বধাবন প্রকল্পের হাইলাইটস

- ভারতের ১৩ তম প্রধান বন্দর
- প্রকল্পের ব্যয় ৭৬,২০০ কোটি টাকা
- সমস্ত আবহাওয়ায় গ্রীনফিল্ড বন্দর উন্নয়ন
- বার্ষিক প্রায় ৩০০ মিলিয়ন টন মোট ক্ষমতা
- ২০মি এর গভীর ড্রাফট
- পুনরুদ্ধারকৃত জমিতে সমগ্র বন্দর
- ২৪০০০ টিইইউএস এর জাহাজ পরিচালনা করতে সক্ষম
- প্রতি বছর প্রায় ২৩.২ মিলিয়ন কন্টেইনার পরিচালনা করার ক্ষমতা

## জাতির জন্য সুবিধা

### বধাবন

- ১২ লক্ষ লোকের কর্মসংস্থানের সম্ভাবনা
- ১ কোটিরও বেশি পরোক্ষ কর্মসংস্থানের সম্ভাবনা
- ভারত মধ্যপ্রাচ্য ইউরোপ অর্থনৈতিক করিডোর (আইএমইসি) এর মাধ্যমে এক্সিম বুস্ট
- ইন্টারন্যাশনাল নর্থ সাউথ ট্রান্সপোর্টেশন করিডোর (আইএনএসটিসি) এর মাধ্যমে বাণিজ্য বৃদ্ধি
- দূরপ্রাচ্য, ইউরোপ, মধ্যপ্রাচ্য, আফ্রিকা এবং আমেরিকার মধ্যে আন্তর্জাতিক শিপিং লেনগুলিতে মেনলাইন মেগা ভেসেলগুলি পরিচালনা করা
- বর্ধিত রপ্তানি, স্থানীয় পণ্যের ব্যবসা এবং বিপণন

### মৎস্য

- নিরাপদ অবতরণ মাছ ধরার জাহাজের জন্য বার্থিং এবং মৎস্য ক্রিয়াকলাপের কেন্দ্রগুলির জন্য আধুনিক ফিশিং হারবার
- রি-সার্কলেটরি অ্যাকুয়াকালচার সিস্টেম, বায়োফ্লক এবং কেজ কালচারের মতো নতুন প্রযুক্তির আধান
- মানসম্পন্ন মাছের বীজ এবং খাদ্যের প্রাপ্যতা নিশ্চিত করা
- বিরামহীন কোল্ড চেইন সুবিধা এবং স্মার্ট মাছের বাজার
- ৫.২৩ লক্ষ প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছে
- মাছের প্রজাতির বৈচিত্র্যকরণ এবং দেশীয় প্রজাতির প্রচার
- ভেসেল কমিউনিকেশন এবং সাপোর্ট সিস্টেমের জাতীয় রোলআউট



ফিশিং হারবার



একোয়াপার্ক



সমুদ্র খাঁচা



## গৌরবোজ্জ্বল উপস্থিতি

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| সি পি রাধাকৃষ্ণন<br>রাজ্যপাল, মহারাষ্ট্র | একনাথ শিন্ডে<br>মুখ্যমন্ত্রী, মহারাষ্ট্র | সর্বানন্দ সোনোয়াল<br>বন্দর, নৌপরিবহন এবং জলপথ কেন্দ্রীয় মন্ত্রী | রাজীব রঞ্জন সিং<br>মৎস্য, পশুপালন ও দুগ্ধজাত কেন্দ্রীয় মন্ত্রী | শান্তনু ঠাকুর<br>বন্দর, নৌপরিবহন ও জলপথ কেন্দ্রীয় প্রতিমন্ত্রী | প্রফেসর এস.পি. সিং বাঘেল<br>মৎস্য ও পশুপালন ও দুগ্ধপালন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী | জর্জ কুরিয়ান<br>মৎস্য পশুপালন ও দুগ্ধপালন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী |
| দেবেন্দ্র ফড়নবীস<br>উপ-মুখ্যমন্ত্রী, মহারাষ্ট্র | অজিত পাওয়ার<br>উপ-মুখ্যমন্ত্রী, মহারাষ্ট্র | সুধীর মুনগান্টিওয়ার<br>মহারাষ্ট্রের মৎস্য দফতরের মন্ত্রী | রবীন্দ্র চ্যাভন<br>অভিভাবক মন্ত্রী, পালঘর | সঞ্জয় বানসোডে<br>বন্দর উন্নয়ন মন্ত্রী, মহারাষ্ট্র | ডাঃ হেমন্ত বিষ্ণু সাভারা<br>সাংসদ, পালঘর | |

ShipminIndia | Shipmin_India | Shipmin_India | Sagarmala Project | Sagarmala.gov.in / shipmin.gov.in

LIVE STREAM ডিডি নিউজ-এ লাইভ কভারেজ দেখুন


CBC 37203/15/0001/2425

## সম্পাদকীয়

### আমরা কি ধীরে ধীরে ব্যক্তিকেন্দ্রিক হয়ে উঠছি

আজকের এই সমাজমাধ্যম, যা নিয়ে আমরা সারাক্ষণ বুঁদ হয়ে থাকি, তাতে নিজের ঘরে জাতীয় পতাকার তোলা ছবি আপলোড করা, কত জন পছন্দ করলেন, কে কী মন্তব্য করলেন, তা কি আসলে আবারও সেই সমষ্টির চেতনা থেকে ব্যক্তিকেন্দ্রিক করে দেওয়ার চক্রান্ত? সুশীলাদির সহকর্মীরা কেউ কেউ তাঁর কথার বিরোধিতা করলেন। তাঁরা বললেন, জাতীয় পতাকা শুধু তো কেন্দ্রীয় শাসক দলের সম্পত্তি হতে পারে না, এই পতাকায় সবার অধিকার। এক জন বললেন, যখন এনআরসি বিরোধী আন্দোলন হচ্ছিল, তখন তো জাতীয় পতাকাকে কেন্দ্রের শাসক দলের হাত থেকে কেড়ে নেওয়ারই লড়াই ছিল। আজকে যদি সেটা প্রতিটি মানুষের ঘরে ঘরে পৌঁছয়, তাতে ক্ষতি কী? এটা তো ওঁদের হাত থেকে সমস্ত মানুষের কাছে জাতীয় পতাকা পৌঁছে যাওয়া হল, এতে দোষের কী? কিন্তু সুশীলাদির মনটা খচখচ করে যাচ্ছে, সব প্রশ্নের উত্তর পাচ্ছেন না তিনি। নোটবন্দির সময়েও এই কেন্দ্রীয় সরকার সমষ্টির চেতনা ভেঙে দিয়েছিল। সবাই ব্যক্তিগত ভাবে ব্যাঙ্ক এবং এটিএমের লাইনে দাঁড়িয়েছিলেন, কেউ সমষ্টিগত ভাবে ওই সিদ্ধান্তের বিরোধিতা করেননি। যখনই বলা হয়েছে আধারের সঙ্গে ব্যাঙ্ক অ্যাকাউন্ট, গ্যাসের সংযোগ বা রেশন কার্ডের সংযোগ করাতে হবে, প্রতিটি মানুষ ব্যক্তিগত ভাবে নিজের সমস্যা সমাধানে ছুটেছেন, কেউই সমষ্টিগত ভাবে এই নির্দেশগুলোর বিরোধিতা করেননি। কোভিডের সময়ে যতই প্রচার করা হোক না কেন, রোগীকে নয় রোগকে দূরে রাখুন, বাস্তবে মানুষ কিন্তু ভয় হোক বা ভীতিতে, পাশের বাড়ির শুধু নয়, পাশের মানুষটিকেও দূরে সরিয়ে দিয়েছিলেন। নিজের আপনজনকে ফেলে পালিয়ে গিয়েছিলেন, কোভিডের যাঁরা চিকিৎসা করছেন, সেই মানুষদের ঘর ভাড়া দিতে দ্বিধাবোধ করেছেন। সমষ্টির চেতনা কখন যে শুধুমাত্র ব্যক্তিচেতনার দিকে হাঁটতে শুরু করেছে, তা আজ কেমন যেন গোলমাল হয়ে গিয়েছে। দেশের সংবিধানের প্রস্তাবনার শুরুই হয় 'আমরা' শব্দটি দিয়েখ 'আমরা ভারতের জনগণ'। তা হলে কি 'আমরা' শব্দটি আর থাকবে না, সবই 'আমি'কেন্দ্রিক হয়ে যাবে? স্বাধীনতার এত বছর পরে কি এটাই আমাদের প্রাপ্তি?

## শব্দবাণ-২৯



শুভজ্যোতি রায়

**সূত্র—পাশাপাশি:** ১. মনোযোগের সঙ্গে লক্ষ করা ৩. বেতন ৫. চীনামাটি কলাই প্রভতির থালা ৭. প্রতারণা ৮. দৃষ্টান্ত, নিদর্শন ১০. লোকনিন্দা।

**সূত্র—উপর-নীচ:** ১. আমার — যাহা চায় ২. অনিষ্ট ৩. ডেকে পাঠানো ৪. কোষাগার ৬. যা নেই তা আছে মনে করা, মনগড়া ৯. মুসলমান ভক্ত।

### সমাধান: শব্দবাণ-২৮

**পাশাপাশি:** ১. জলাভাব ৩. সজাগ ৪. অনিশ ৬. রহস্য ৯. তবল ১০. মকম্মল।

**উপর-নীচ:** ১. জগৎ ২. বউনি ৩. সমাচার ৫. শতদল ৭. হজম ৮. কাতল।

## জন্মদিন

## আজকের দিন



*রবিশঙ্কর প্রসাদ*

*১৯২৩ চলচ্চিত্রের বিশিষ্ট গীতিকার শৈলেন্দ্রর জন্মদিন।*
*১৯৫৪ বিশিষ্ট রাজনীতিবিদ রবিশঙ্কর প্রসাদের জন্মদিন।*
*১৯৭১ বিশিষ্ট চলচ্চিত্রাভিনেত্রী শ্রীলেখা মিত্রের জন্মদিন।*

# রেলের জায়গায় বস্তি উচ্ছেদ, অবস্থান বিক্ষোভে পরিবার



**নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান:** বর্ধমান শহরের ৬ নম্বর ওয়ার্ডের অন্তর্গত লোকো আমবাগান এলাকায় রেলের জায়গায় বস্তি উচ্ছেদ করার নোটিশ দেওয়া হয়েছে রেলের পক্ষ থেকে। মূলত পূর্ব রেলের জায়গার ওপর এই বস্তি থাকায় এমনই দাবি করে রেলের তরফে কিছু দিন আগে নোটিশ দেওয়া হয়। বৃহস্পতিবার রেলের তরফ থেকে রেল পুলিশ এবং রেলের আধিকারিকরা বস্তি উচ্ছেদ করতে না আসায় আতঙ্কিত হয়ে পড়েন বস্তিবাসীরা।

বস্তি বাসীরা জানান, ৫০ বছরেরও বেশি দিন ধরে এই জায়গার ওপর তাদের বসবাস। প্রায় ৫০ থেকে ৬০টি পরিবার বসবাস করে। স্বাভাবিক ভাবেই কোনও ভাবেই জায়গা ছাড়া যাবে না। রেলের তরফ থেকে উচ্ছেদের নোটিশ দেওয়ার পরেও বৃহস্পতিবার নির্ধারিত দিনে রেলের আধিকারিকরা উচ্ছেদ করতে না আসায়। স্বাভাবিক ভাবে আতঙ্কিত হয়ে পড়েছেন বস্তিবাসীরা। যে কোনও মুহূর্তে রেলের আধিকারিকরা বুলডোজার নিয়ে বস্তি উচ্ছেদ করতে হাজির হতে পারেন। কিন্তু সেই সময়টা কখন আসবে সেই নিয়েই আতঙ্কিত বস্তিবাসী।

পাশাপাশি বস্তিবাসীরা বাসস্থান ছেড়ে না যাওয়ার জন্য রেলের বিরুদ্ধে রাস্তায় বসে অবস্থান বিক্ষোভে সামিল হন ৫০-৬০টি পরিবার। অন্যদিকে পূর্ব বর্ধমান জেলার তৃণমুল কংগ্রেসের সাধারণ সম্পাদক শিবশঙ্কর ঘোষের নেতৃত্বে রেল পুলিশের বিপক্ষে দাঁড়ান বস্তিবাসীরা। জানা গিয়েছে, রেল কর্তৃপক্ষ বারবার এই বস্তিতে নোটিশ জারি করেন,শেষমেশ রেল পুলিশ ঘটনাস্থলে পৌঁছলে বস্তির মানুষদের সঙ্গে বাকবিতণ্ডা শুরু হয় চলে পুলিশকে ঘিরে বিক্ষোভ।

# মৃতা চিকিৎসকের দ্রুত বিচার চান তাপসীর বাবা মনোরঞ্জন মালিক



**নিজস্ব প্রতিবেদন, হুগলি:** আরজি কর কাণ্ডের পর নড়েচড়ে বসেছে প্রশাসন। দোষীদের শাস্তির দাবিতে পথে নেমেছে আমজনতা। এরই মধ্যে আবারও উঠে এল সিঙ্গুর জমি আন্দোলনের তাপসী মালিকের ধর্ষণ ও খুনের ঘটনা।

তৎকালীন সময় এই হত্যাকাণ্ডের তদন্তভার দেওয়া হয় সিবিআইয়ের হাতে। ১৮ বছর আগের তাপসী মালিক ধর্ষণ ও হত্যাকাণ্ডের আজও বিচার চলছে। তবে এবার যেন আরজি করের নারকীয় কাণ্ডের অপরাধীরা ফাঁসির সাজা পায় সেই দাবি করছেন তাপসীর বাবা মনোরঞ্জন মালিক। সিঙ্গুরে টাটাদের ন্যানো কারখানার জমি থেকে বাজেমেলিয়ার তরুণী তাপসী মালিকের অর্ধদগ্ধ মৃতদেহ উদ্ধার হয় ২০০৬ সালের ১৮ ডিসেম্বর। সিঙ্গুরের জমি আন্দোলনে থাকা তাপসীকে ধর্ষণ করে খুন করা হয়েছিল বলে অভিযোগ ওঠে।

ঘটনার তদন্ত ভার যায় সিবিআইয়ের হাতে। তারপরে কেটে গিয়েছে অনেকটা বছর। এবার আরজিকর কাণ্ডের পর আবারও সামনে মুখ খুললেন তাপসী মালিকের বাবা মনোরঞ্জন মালিক। তিনি চাইছেন যত শীঘ্র সম্ভব মৃতা চিকিৎসক বিচার পাক। মনোরঞ্জনবাবু জানান, তাঁর মেয়ের দোষীরা আজও সমাজে ঘুরে বেড়াচ্ছে। এর মধ্যে মূল অভিযুক্ত ছিলেন যিনি তার শাস্তি ভগবানই দিয়েছে। হাইকোর্টে চলা কেসের মধ্যে মারা গিয়েছে তাপসী মালিক হত্যাকাণ্ডের মূল অভিযুক্ত নেতা সুহৃৎ দত্ত। তবে চিকিৎসক তরুণীর বিচার যেন দ্রুত হয় সেই দিকে চেয়ে রয়েছেন তাপসীর বাবা।

মৃত মেয়ের ছবি হাতে ধরে মনোরঞ্জন বলেন, 'আরজি কর কাণ্ডের সঙ্গে যারা জড়িত তাদের যেন ফাঁসি হয়। এই ঘটনায় অন্তত যেন সিবিআই তাড়াতাড়ি দোষীদের ধরে নিয়ে আসে। চিকিৎসকের ধর্ষণকারী ও হত্যাকারীরা যেন থাকে ফাঁসির মঞ্চে। তা হলে শুধু তাঁর নয় আত্মার শান্তি হবে আমার মেয়ে তাপসী মালিকেরও।'

# অক্সিজেনের অভাবে মৃত্যু প্রাক্তন রেলকর্মীর, হাসপাতালে বিরুদ্ধে গাফিলতির অভিযোগ



**নিজস্ব প্রতিবেদন, কাঁকসা:** অক্সিজেনের অভাবে মৃত্যু হল এক অবসরপ্রাপ্ত রেলকর্মীর। ঘটনাকে ঘিরে বৃহস্পতিবার চাঞ্চল্য ছড়ায় পানাগড় স্টেশন সংলগ্ন রেল হাসপাতালে। মৃতের নাম অমূল্য দাস। বয়স ৭৭ বছর। মৃতের পরিবারের অভিযোগ, সকালে অমূল্য দাস অসুস্থ বোধ করায় তাঁকে পানাগড় রেলস্টেশন সংলগ্ন রেল হাসপাতালে নিয়ে যাওয়া হলে তাঁকে প্রাথমিক চিকিৎসা করার পর হাসপাতালের পক্ষ থেকে পরিবারকে জানানো হয় আসানসোল থেকে অ্যাম্বুল্যান্স আসার পর তাতে করে তাঁকে অন্যত্র স্থানান্তর করা হবে।

সেইমতো আসানসোল থেকে অ্যাম্বুল্যান্স আসার পর তাতে রোগীকে চাপানো হলে অসুস্থ অবস্থায় অমূল্য দাসকে দুর্গাপুরের উদ্দেশ্যে নিয়ে যাওয়ার পথে পানাগড়ের দার্জিলিং মোড়ে পরিবারের সদস্যরা লক্ষ্য করেন অক্সিজেনের সিলিন্ডারে অক্সিজেন শেষ হয়ে গিয়েছে। অ্যাম্বুল্যান্সের চালককে এই বিষয়ে জানানো হলে তিনি জানান, ভগবানের নাম নিয়ে চলুন কিছুই হবে না। এরপর অ্যাম্বুল্যান্সে করে দুর্গাপুরের একটি বেসরকারি হাসপাতালে অমূল্য দাসকে নিয়ে যাওয়া হলে সেখানকার কর্তব্যরত চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। পরিবারের সদস্যরা দেহ ফের নিয়ে আসে পানাগড় স্টেশন সংলগ্ন রেল হাসপাতালে।

পরিবারের অভিযোগ, অ্যাম্বুল্যান্সে চাপানোর সময় তারা রেল হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক এবং নার্সকে অ্যাম্বুল্যান্সে সিলিন্ডারে অক্সিজেন আছে কিনা সেই বিষয়ে বারবার জিজ্ঞাসা করলেও, সব ঠিকঠাক আছে বলে হাসপাতালের তরফ থেকে জানানো হয়। যদি সব ঠিকই থাকত তবে পানাগড় থেকে বেরনোর সময় অক্সিজেনের সিলিন্ডারে অক্সিজেন কী ভাবে শেষ হয়ে যায়। শুধুমাত্র অক্সিজেনের অভাবে একজন মানুষের মৃত্যু হয়েছে বলে তাদের দাবি। হাসপাতালের বিরুদ্ধে গাফিলতির অভিযোগ তুলে হাসপাতালের সামনে বিক্ষোভ দেখান পরিবারের সদস্যরা ও এলাকাবাসী। যদিও এই বিষয়ে হাসপাতালের তরফ থেকে কোনও রকম প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

অন্যদিকে, রেল হাসপাতালের বিরুদ্ধে বিস্তর অভিযোগ তুলেছেন এলাকার মানুষ। তাদের অভিযোগ যে প্রাক্তন রেলকর্মীর মৃত্যু হয়েছে। সেই রেলকর্মীর বাড়ি হাসপাতাল থেকে মাত্র কয়েকশো মিটার দূরেই রেল কলোনিতে। তাড়াহুড়তে প্রথমেই তারা রেল হাসপাতালে নিয়ে যান। ওই হাসপাতালে ন্যূনতম চিকিৎসাটুকু হয় না। না থাকে ডাক্তার। না কোনও ওষুধপত্র। শুধু তাই নয়। পানাগড় স্টেশনে কোনও দুর্ঘটনায় কেউ আহত হলেও হাসপাতালে চিকিৎসক না থাকায় চিকিৎসার অভাবে অনেকেই প্রাণ হারান। এমনও ঘটনার সাক্ষী রয়েছে বহুবার পানাগড়ের মানুষ। হাসপাতালের নিজস্ব কোনও অ্যাম্বুল্যান্সও নেই। রোগীকে স্থানান্তর করতে হলে বাইরে থেকে রেলের অ্যাম্বুল্যান্স আনতে হয়। এদিকে ঘটা করে পানাগড় স্টেশনে বন্দে ভারত ট্রেন উদ্বোধন করা হয়। কিন্তু যাত্রী ও রেলের কর্মীদের কারোর চিকিৎসার প্রয়োজন হলে ন্যূনতম পরিষেবাটুকু রেল দিতে পারে না পানাগড়ে।




*জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের আয়োজনে সিউড়ি সিধু কানু মঞ্চে বৃহস্পতিবার পালিত হল নজরুল প্রয়াণ দিবস। কবিতা গানে নজরুলকে স্মরণ করলেন শিল্পীরা।*



*আরজি করের দোষীদের শাস্তির দাবিতে ও বিরোধী দলগুলোর বাংলাকে অশান্ত করার চক্রান্তকে ব্যর্থ করতে আজ ও ১ সেপ্টেম্বর বিভিন্ন কর্মসূচি নিয়ে সিউড়ি ১ ব্লক ও সিউড়ি শহর তৃণমূল কংগ্রেসের সমস্ত স্তরের নেতা-নেত্রী ও ছাত্র যুবদের নিয়ে আলোচনা করলেন সিউড়ি বিধানসভার বিধায়ক বিকাশ রায় চৌধুরী।*

# আরজি কর কাণ্ডের প্রতিবাদের অভিযোগ, ছাত্রকে মারে অভিযুক্ত তৃণমূল ছাত্র পরিষদ

**নিজস্ব প্রতিবেদন, হুগলি:** আরজি কর কাণ্ডের প্রতিবাদ মিছিলকে নেতৃত্ব দেওয়ার অভিযোগে এক কলেজ পড়ুয়াকে বেধড়ক মারধরের অভিযোগ উঠল। হুগলির কোন্নগরের নবগ্রাম হীরালাল পাল কলেজের ঘটনা। মারধর করার অভিযোগ কলেজের তৃণমূল ছাত্র পরিষদের বিরুদ্ধে। অভিযোগ অস্বীকার তৃণমূলের। এই বিষয়ে কিছুই জানেন না বলে দাবি কলেজ কলেজ অধ্যক্ষের। গোটা ঘটনার অভিযোগ দায়ের হয়েছে উত্তরপাড়া থানায়। নবগ্রাম হীরালাল পাল কলেজের বিকমের প্রথম বর্ষের ছাত্র অরিন্দম হালদার। দিন কয়েক ধরে আরজি করের ঘটনার প্রতিবাদ করার জন্য অন্যান্য বন্ধুদের ডেকেছিল।

তাঁর অভিযোগ, তিনি বাম ছাত্র সংগঠন এসএফআই-এর সঙ্গে যুক্ত, সেই কারণে গত ২৭ তারিখ কলেজের ভেতরের একটি ঘরে ডেকে বেধড়ক মারধর করা হয়। তৃণমূল ছাত্র পরিষদের ছাত্র ছাত্রীরা বাঁশ লাঠি দিয়ে বেধড়ক মারধর করে বলে অভিযোগ। রাতে আহত ছাত্রকে দেখতে তাঁর বাড়ি পৌঁছন এসএফআই নেত্রী দীপ্সিতা ধর। সকালের উত্তরপাড়া থানায় গোটা ঘটনার একটি অভিযোগ দায়ের করা হয় এসএফআই-এর পক্ষ থেকে।

হুগলি জেলা এসএফআই সম্পাদক অর্ণব দাস বলেন, 'আরজিকরের ঘটনার প্রতিবাদ সংগঠিত করতে কলেজের ভিতরে প্রচার করছিল অরিন্দম হালদার ও অন্যান্য কিছু ছাত্রছাত্রী। সানি খাসকেল ও সাগর দত্তগুপ্ত নামে দুই তৃণমূল ছাত্র পরিষদ নেতা অরিন্দমকে বেধড়ক মারধর করে। আমরা পুলিশের কাছে অভিযোগ জানিয়েছি।' যদিও এই বিষয়ে অভিযোগ সম্পূর্ণ অস্বীকার করেছে তৃণমূল ছাত্র পরিষদের সদস্যরা।

এই বিষয়ে তৃণমূল ছাত্র পরিষদের হুগলি শ্রীরামপুর সাংগঠনিক জেলা সভাপতি শুভদীপ মুখোপাধ্যায় বলেন, 'যেটুকু শুনলাম ছেলেটি কলেজে নাকি কোনও মহিলাকে কটূক্তি করছিল। সেই কারণে মেয়েরা তার ওপরে চড়াও হয়। গোটা ঘটনার সঙ্গে তৃণমূল ছাত্র পরিষদের কোনও যোগাযোগ নেই।' দীপ্সিতা ধরের সোশ্যাল মিডিয়া পোস্টে অভিযোগ প্রসঙ্গে বলেন, 'ওঁরা সোশ্যাল মিডিয়াতেই থাকেন, আমরা মানুষের সঙ্গে থাকি।'

এ বিষয়ে নবগ্রাম হীরালাল পাল কলেজের অধ্যক্ষ শ্রীকান্ত সামন্ত বলেন, 'আহত বা আক্রমণকারী কোনও পক্ষের তরফ থেকেই কোনও কিছু তাঁকে জানানো হয়নি। যদি কোনও লিখিত অভিযোগ তাঁর কাছে জমা পড়ে, সে হিসাবে পদক্ষেপ করা হবে।'

# নারকোটিক্স কন্ট্রোল ব্যুরোর নামে ভুয়ো নোটিসের চক্র, লক্ষ লক্ষ টাকা হাতানোর অভিযোগ ২ কংগ্রেস নেতার বিরুদ্ধে

**নিজস্ব প্রতিবেদন, মালদা:** কালিয়াচকের ভারত - বাংলাদেশ সীমান্তবর্তী শাহবাজপুর এবং চরিঅনন্তপুর গ্রামপঞ্চায়েত এলাকায় ব্যবসায়ীদের মাদক মামলায় ফাঁসানোর চক্র তৈরি করার অভিযোগ উঠেছিল কংগ্রেসের দুই নেতার বিরুদ্ধে। এমনকী এলাকার কংগ্রেস দলের পঞ্চায়েতের প্রধানের নেতৃত্বে মাদক মামলার নিষ্পত্তি করার জন্য ব্যবসায়ীদের ভয় দেখিয়ে আদায় করা হত লক্ষ লক্ষ টাকা। নারকোটিক্স কন্ট্রোল ব্যুরো নাম করে সেইসব ব্যবসায়ীদের বাড়িতে পাঠানো হত ভুয়ো নোটিস। নির্দিষ্ট একটি চক্র ফাঁদে পড়ে ব্যবসায়ীরা হাজির হতেন অভিযুক্ত দুই কংগ্রেস নেতার কাছে। এরপরই রীতিমতো ভুয়ো নারকোটিক্স অফিসার সাজিয়ে সেই ব্যবসায়ীদের সমস্যা সমাধানের আশ্বাস দিয়েই আদায় করা হত মোটা টাকা। এমন ঘটনার অভিযোগ সামনে আসতেই নড়েচড়ে বসে জেলা পুলিশ। এরপরই কালিয়াচক থানার অন্তর্গত কংগ্রেস দলের বর্তমান এবং প্রাক্তন দুই প্রধানকে গ্রেপ্তার করে পুলিশ। ধৃত দুই কংগ্রেস নেতাকে পুলিশ হেপাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করে আরও বিশদ তথ্য জানতে পেরেছে।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, কয়েকদিন আগে নারকোটিক্স কন্ট্রোল ব্যুরো নাম করে তোলাবাজির অভিযোগে গ্রেপ্তার হয় কালিয়াচক থানার শাহবাজপুর গ্রাম পঞ্চায়েতের কংগ্রেস প্রধান রাবণ মণ্ডল এবং চরিঅনন্তপুর গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন কংগ্রেস প্রধান মতিউর রহমান। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃত দুই কংগ্রেস নেতার কাজ ছিল এলাকায় কিছু ক্যারিয়ার তৈরি করে সীমান্তবর্তী এলাকার প্রতিষ্ঠিত ব্যবসায়ীদের বাড়িতে নারকোটিক্স কন্ট্রোল ব্যুরো নাম করে নোটিস পাঠানো। মূলত এই ভুয়ো নোটিস পাঠানোর পরিচালনায় ছিল রাবণ মণ্ডল। এরপরই মতিউর রহমানের একটি ডেরাতেই ভুয়ো অফিসার, আইনজীবী সাজিয়ে কিছু মানুষকে বসানো থাকত। সেখানেই চলত বিচার। তারপরে মামলা রফাদফা করার জন্য নির্ধারিত করা হতো মোটা টাকা। যে টাকা দিতে বাধ্য হত অসহায় ওই ব্যবসায়ীরা।

চরিঅনন্তপুর গ্রামের জনৈক ব্যবসায়ী উৎপল মণ্ডল পুলিশকে অভিযোগে জানিয়েছেন, নারকোটি কন্ট্রোল ব্যুরো অফিসারের নামে নোটিস পাঠিয়ে তাকে রীতিমতো ভয় দেখ ানো হয় এবং হেনস্তা করে কয়েক লক্ষ টাকা আদায় করে ওই দুই কংগ্রেস নেতা। এরপর এই বিষয়টি নিয়ে সন্দেহ হতেই কালিয়াচক থানার পুলিশের দ্বারস্থ হন তিনি। অভিযোগ পেয়ে গোপনে তদন্ত শুরু করে পুলিশ। আর তারপরেই কেঁচো খুঁড়তে কেউটের মত বিশাল তথ্য পুলিশের হাতে উঠে আসে।

গোলাপগঞ্জ এলাকার নাম প্রকাশে অনিচ্ছুক আরেক ব্যবসায়ী বলেন, নারকোটিক্স কন্ট্রোল ব্যুরো নাম করে তার কাছেও একটি নোটিস আসে। সেই নোটিসে লেখা ছিল তাকে মাদক মামলায় জিজ্ঞাসাবাদের জন্য কলকাতা অফিসে যেতে হবে। এরপরই রাবণ মণ্ডল তাকে ফোনে জানায় মতিউর রহমানের কাছে গেলেই সমস্যার সমাধান হয়ে যাবে। মতিউরের কাছে যেতেই মতিউর টাকার দাবি করে। টাকা দিলেও পরে বিষয়টি নিয়ে সন্দেহ প্রকাশ হতেই কালিয়াচক থানার গোলাপগঞ্জ ফাঁড়িতে তিনি যোগাযোগ করেন।

এদিকে গোলাপগঞ্জ ফাঁড়ির পুলিশের ও সেই নোটিস দেখেই জিজ্ঞাসাবাদের জন্য রাবণ ও মতিউরকে ডেকে পাঠানো হয়। রাতভর জিজ্ঞাসাবাদের পর দু'জনকে গ্রেপ্তার করে মালদা জেলা আদালতে পেশ করা হয়। কালিয়াচকের এসডিপিও ফয়সল রেজা জানিয়েছেন, এই নোটিসের সঙ্গে নারকোটিক্স কন্ট্রোল ব্যুরোর কোনও সম্পর্ক নেই। সম্পূর্ণটাই ভুয়ো।

# বাংলাদেশি যুবকের মৃত্যু

**নিজস্ব প্রতিবেদন, রায়গঞ্জ:** বিএসএফের গুলিতে মৃত্যু হল এক বাংলাদেশির। ঘটনায় চাঞ্চল্য ছড়ায় উত্তর দিনাজপুর জেলার হেমতাবাদ থানা চৈনগর সংলগ্ন ভারত- বাংলাদেশ সীমান্তবর্তী এলাকায়। মৃত বাংলাদেশী যুবকের নাম ও পরিচয় জানা যায়নি। বৃহস্পতিবার বিএসএফের পক্ষ থেকে মৃতদেহ উদ্ধার করে কালিয়াগঞ্জ স্টেট জেনারেল হাসপাতালে নিয়ে আসা হয়। ঘটনার খবর পেয়ে হাসপাতালে আসেন কালিয়াগঞ্জ থানার আইসি দেবব্রত মুখার্জি। বিএসএফের সূত্রে জানা গেছে, বুধবার গভীর রাতে বেশ কিছু বাংলাদেশি জমায়েত হয়ে ভারতে প্রবেশ করতে চেয়েছিল। সেই সময় কর্তব্যরত বিএসএফের নজরে পড়লে বাঁধা দেয় তাদের। বিএসএফের নিষেধ উপেক্ষা করেই কাঁটাতার টপকে অনুপ্রবেশ করতে উদ্যোত হয় তারা। এরপরই বিএসএফ গুলি চালালে সেই গুলি গিয়ে লাগে এক মাঝ বয়সি ব্যক্তির গায়ে। বাকিরা সেখান থেকে পালিয়ে যায়। বিএসএফ পরে কালিয়াগঞ্জ স্টেট জেনারেল হাসপাতালে নিয়ে এলে কর্মরত চিকিৎসক ওই বাংলাদেশিকে মৃত বলে ঘোষণা করেন।

# বজ্রপাতে মৃত্যু মৎস্যজীবীর

**নিজস্ব প্রতিবেদন, বসিরহাট:** বজ্রপাতে মৃত্যু এক মৎস্যজীবীর। উত্তর ২৪ পরগনা জেলার বসিরহাট মহকুমার হাড়োয়া থানার কচুরহুলা গ্রামের ঘটনা। পরিবার সূত্রে জানা যায়, ৩৭ বছরের রতন মাহাতো বৃহস্পতিবার দুপুর বেলায় মাছ ধরতে মেছো ভেড়ির দিকে গেছিলেন।

তারপর হঠাৎই একটা বিকট শব্দ হয় তারপর ঘটনাস্থলে লুটিয়ে পড়েন ৩৭ বছরের রতন মাহাতো। তারপর পরিবারের সদস্যরা তাকে উদ্ধার করে হাড়োয়া গ্রামীণ হাসপাতালে নিয়ে আসলে চিকিৎসা করা তাকে মৃত বলে ঘোষণা করেন। জানা গেছে, ওই ব্যক্তির বজ্রপাতে মৃত্যু হয়েছে। ইতিমধ্যে মৃতদেহটি ময়নাতদন্তের জন্য বসিরহাট জেলা হাসপাতালে। তার পাশাপাশি একটি অস্বাভাবিক মৃত্যুর মামলার রুজু করে ঘটনার তদন্ত শুরু করেছে হাড়োয়া থানার পুলিশ। তবে পুলিশ জানাচ্ছেন ময়নাতদন্তের পরেই জানা যাবে মৃত্যুর আসল রহস্য।

# রেললাইনের ধার থেকে ছাত্রীর অর্ধনগ্ন মৃতদেহ উদ্ধার

**নিজস্ব প্রতিবেদন, নদিয়া:** রেললাইনের ধার থেকে উদ্ধার দশম শ্রেণির স্কুল ছাত্রীর অর্ধনগ্ন মৃতদেহ। খবর পেয়ে রানাঘাট জিআরপিতে পৌঁছালেন মৃতার পরিবার ও রানাঘাট উত্তর পূর্বের বিধায়ক। ছাত্রীর মোবাইলের কল লিস্ট দেখে পুলিশের কাছে তদন্তের দাবি পরিবার ও বিধায়কের। সূত্রের খবর, বগুলা এলাকার বাসিন্দা এক দশম শ্রেণির স্কুল ছাত্রী বুধবার সন্ধ্যায় তার বন্ধুর বাড়ি যাচ্ছি বলে বাড়ি থেকে বের হয়। নাবালিকার পরিবারের দাবি রাত ৮ টার সময় ওই স্কুল ছাত্রীর ফোনে যোগাযোগ করা হলে ওই ছাত্রী রাতে বন্ধুর বাড়িতে থাকার কথা জানায়। আর এরপরই বৃহস্পতিবার সকালে রানাঘাট জিআরপি এর কাছ থেকে পরিবার খবর পায় ট্রেনের ধাক্কায় মৃত্যু হয়েছে ওই স্কুল ছাত্রীর। জিআরপি সূত্রে খবর, ট্রেনের সামনে ঝাঁপ দিয়ে আত্মঘাতী হয়েছেন ওই নাবালিকা। মৃতের পরিবারের অভিযোগ, রাতে কি এমন ঘটল যার জন্য আত্মহত্যা করতে হল তাকে। অন্যদিকে এই ঘটনার খবর পেয়ে রানাঘাট জিআরপিতে পৌঁছন রানাঘাট উত্তর পূর্ব বিধানসভার বিধায়ক অসীম বিশ্বাস। পুলিশ ও মৃতের পরিবারের সঙ্গে কথা বলার পাশাপাশি রানাঘাট মর্গেও যান তিনি। মৃত স্কুল ছাত্রীর মোবাইল ফোন বাজেয়াপ্ত করে কল লিস্ট দেখে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

# নাবালিকাকে ধর্ষণের অভিযোগ

**নিজস্ব প্রতিবেদন, বালুরঘাট:** এক নাবালিকাকে ধর্ষণ ও খুনের চেষ্টার অভিযোগ। বর্তমানে ওই নাবালিকা হাসপাতালে চিকিৎসাধীন। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। দক্ষিণ দিনাজপুর জেলার গঙ্গারামপুর মহকুমার অন্তর্গত বংশীহারী এলাকার ঘটনা। জানা গিয়েছে, বুধবার রাতে পড়াশোনা করে নিজের ঘরে ঘুমাচ্ছিলেন পঞ্চম শ্রেণিতে পাঠরত ওই নাবালিকা। অভিযোগ মাঝরাতে হঠাৎ মেয়ের চিৎকার পেয়ে পাশের ঘরে থাকা মেয়েটির বাবা-মা ছুটে যায় তার ঘরে। এরপরেই কোনওক্রমে সে ঘরে প্রবেশ করে মেয়ের বাবা ও মা দেখতে পায় তাঁদের মেয়ে অচৈতন্য অবস্থায় পড়ে রয়েছে মাটিতে। তার গলায় দাগ রয়েছে। অন্যদিকে, অবস্থা বেগতিক দেখে সেই সময় ঘটনাস্থল থেকে চম্পট দেয় অভিযুক্ত ওই ব্যক্তি। এদিকে বিষয়টি জানাজানি হতেই তৎক্ষণাৎ ছুটে আসেন এলাকাবাসীরা। সকলের প্রচেষ্টায় দ্রুত তাকে গঙ্গারামপুর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হয় প্রাথমিক চিকিৎসার জন্য। বর্তমানে সেখানে ভর্তি রয়েছে ওই নাবালিকা মেয়েটি।

এ বিষয়ে জেলা পুলিশ সুপার চিন্ময় মিত্তাল জানান, মেয়েটির পরিবারের অভিযোগের ভিত্তিতে একজনকে আটক করা হয়েছে।

# চাকরির দাবিতে কারখানার গেটে দেহ রেখে বিক্ষোভ

**নিজস্ব প্রতিবেদন, জামুড়িয়া:** জামুড়িয়া শিল্প তালুকের বেসরকারি কারখানায় কর্মরত অবস্থায় অসুস্থ হয়ে পড়েন, পরে হাসপাতালে কর্মীর মৃত্যু হয়। কারখানার গেটের সামনে মৃতদেহ রেখে পরিবারের একজনের চাকরি ও ক্ষতিপূরণের দাবিতে বিক্ষোভ। ঘটনাটি ঘটে জামুড়িয়ার ইকড়া শিল্পতালুক এলাকায়। স্থানীয় লোকজনের প্রায় ১৫ ঘণ্টা প্রতিবাদের পর অবশেষে মৃতের পরিবারের একজনকে চাকরি দিল কারখানা কর্তৃপক্ষ। উল্লেখ্য, চলতি মাসের ১৩ অগস্ট জামুড়িয়া সেখপুরের বাসিন্দা শিবু টুডু নামে এক শ্রমিক জামুড়িয়া ইকরা শিল্প তালুকের একটি বেসরকারি স্পঞ্জ কারখানায় কাজ করার সময় অসুস্থ হয়ে পড়েন। তাঁকে আসানসোল ইএসআই হাসপাতালে নিয়ে যাওয়া হয়। বুধবার দুপুরে তিনি মারা যান। এরপর চাকরির দাবিতে বুধবার রাত ৯ টায় কারখানার গেটের সামনে দেহ রেখে বিক্ষোভ করেন পরিবারের সদস্য ও স্থানীয় লোকজন। বৃহস্পতিবার স্থানীয় লোকজন ও পরিবারের সদস্যরা কোনো কর্মচারী বা কর্মকর্তাকে কারখানায় ঢুকতে দেয়নি। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে যায় জামুড়িয়া থানার পুলিশ। পুলিশ কারখানার কর্মকর্তাদের সঙ্গে কথা বলে। প্রায় ১৫ ঘণ্টা পর স্থানীয় লোকজনের চাপে ও নিহতের পরিবারের বিরোধিতায় কারখানা কর্তৃপক্ষ নিহতের স্ত্রীকে নিয়োগ দেয়। এছাড়াও কারখানার কর্মকর্তারা মৃত শিবু টুডুর স্ত্রীর হাতে তাঁর স্বামীর সৎকাজ করার জন্য কিছু টাকা তুলে দেন।

একদিন
আমার শহর
কলকাতা ৩০ অগস্ট ২০২৪ ১৩ ভাদ্র ১৪৩০ শুক্রবার

# আরজি কর হাসপাতালের মর্গে তদন্তে সিবিআই



**নিজস্ব প্রতিবেদন:** এবার আরজি কর হাসপাতালের মর্গে হানা দিল সিবিআই-এর তদন্তকারী দল। বৃহস্পতিবার বেলা ১২টা নাগাদ নিজাম প্যালেস থেকে পাঁচ সদস্যের একটি সিবিআই-এর দল আরজি কর হাসপাতালে আসে। এরপর সরাসরি হাসপাতালের মর্গে চলে যান তদন্তকারী আধিকারিকরা। সূত্রের খবর, হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বিরুদ্ধে ওঠা দুর্নীতির তদন্তেই এদিন হাসপাতালে আসেন সিবিআই-এর আর্থিক দুর্নীতি দমন শাখার অফিসাররা। হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বিরুদ্ধে একাধিক দুর্নীতির অভিযোগ উঠেছিল। তার মধ্যে অন্যতম অভিযোগ ছিল হাসপাতাল থেকে মৃতদেহ পাচার করার।

হাসপাতালের প্রাক্তন ডেপুটি সুপার আখতার আলি যে অভিযোগ করেছিলেন, তার মধ্যে মর্গ থেকে বেওয়ারিশ দেহ পাচারের অভিযোগও ছিল। এরপর এদিন আখতার আলিকে নিজাম প্যালেসে ডেকে পাঠায় সিবিআই। সিবিআই-এর দল আসার পরই এ দিন হাসপাতালের মর্গে আসেন হাসপাতালের এমএসভিপি সপ্তর্ষি চট্টোপাধ্যায়।

এদিনের সিবিআই হানা প্রসঙ্গে হাসপাতালের এমএসভিপি সপ্তর্ষি চট্টোপাধ্যায় বলেন, 'যেহেতু আমি ফরেন্সিক বিশেষজ্ঞ, তাই আমার কাছে জানতে চাওয়া হয়েছিল এই মর্গের পরিকাঠামো এবং মাপ সংক্রান্ত তথ্য। কটি কুলিং চেম্বার রয়েছে, সেখানে কী পদ্ধতিতে মৃতদেহ সংরক্ষণ করা হয়, ব্যবচ্ছেদ কক্ষের পরিকাঠামোগত বিষয় নিয়েও জানতে চাওয়া হয়। ময়নাতদন্তের আগে না পরে কুলিং চেম্বারে মৃতদেহ রাখা হয়, এই সমস্ত বিষয়ে জানতে চাওয়া হয়।'

প্রসঙ্গত, আরজি কর হাসপাতালে চিকিৎসককে ধর্ষণ খুনের ঘটনার তদন্তের পাশাপাশি সন্দীপ ঘোষের বিরুদ্ধে ওঠা আর্থিক দুর্নীতির তদন্তেও নেমেছে সিবিআই। আরজি করের প্রাক্তন অধ্যক্ষের বাড়িতেও হানা দিয়ে তল্লাশি চালিয়েছে তদন্ত আধিকারিকরা। অন্যদিকে, বৃহস্পতিবারও সন্দীপ ঘোষকে সিজিও কমপ্লেক্সে ডেকে ফের জিজ্ঞাসাবাদ শুরু করেছে সিবিআই। এই নিয়ে দিনের পর দিন টানা তাঁকে জিজ্ঞাসাবাদ চালাচ্ছেন সিবিআই-এর তদন্তকারীরা। সন্দীপ ঘোষের পলিগ্রাফ টেস্টের প্রক্রিয়াও চলছে বলে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সূত্রে খবর।

# বিশেষ অধিবেশনের জন্য রাজ্যপালের অনুমতির প্রয়োজন দেখছে না রাজ্য





**নিজস্ব প্রতিবেদন:** আগামী সোমবার থেকেই দু'দিনের জন্য রাজ্য বিধানসভায় বসতে চলেছে বিশেষ অধিবেশন। সূত্রের খবর, ২ সেপ্টেম্বর দুপুর দু'টোয় বসবে অধিবেশন। যদিও সেদিন শোকপ্রস্তাব পাঠ করেই শেষ হবে।

এরপরে, মঙ্গলবার বেলা ১১টায় বসবে অধিবেশন। ওই দিনই ধর্ষণ এবং নারী নির্যাতন সংক্রান্ত রাজ্য সরকারের বিশেষ বিল পেশ করা হবে বিধানসভায়। হবে আলোচনা। সঙ্গে এও জানা যাচ্ছে, বিধানসভার এই বিশেষ অধিবেশন ডাকতে রাজ্যপালের অনুমতির প্রয়োজন হবে না। আর তা জানানো হয়েছে রাজ্যের তরফে।

গত বুধবার, তৃণমূল ছাত্র পরিষদের জন্মদিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠান মঞ্চে মমতা বন্দ্যোপাধ্যায় ঘোষণা করেছিলেন, ধর্ষণ ও নারী নির্যাতনের অপরাধের দ্রুত বিচার ও ফাঁসির সাজায় নয়া বিল আনবে রাজ্য। আগামী মাসের শুরুতেই বিধানসভার বিশেষ অধিবেশনে পেশ করা এই বিল। মঞ্চে ঘোষণার পরেই মন্ত্রিসভার বৈঠকেও গৃহীত হয় এই সিদ্ধান্ত।

যদিও এই বিলের তীব্র বিরোধিতা করেন রাজ্য বিজেপির সভাপতি সুকান্ত মজুমদার। আরও এক ধাপ এগিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ছাত্রসমাজকে আহ্বান জানান, ওই দিন কালীঘাট, নবান্ন এবং লালবাজারে পতাকা ছাড়াই ত্রিমুখী অভিযান করুক তাঁরা। এই প্রসঙ্গে শুভেন্দু এও বলেন, 'লালবাজার, কালীঘাট, নবান্ন অভিযান পতাকা ছাড়া একদিনে করুন। মুখ্যমন্ত্রী অধিবেশন ডাকার কে? ছাত্র সমাজকে বলব বিধানসভার অধিবেশনের দিন ওই দিন বিধানসভা অভিযান করুন।'

# তরুণী চিকিৎসকের মৃত্যুর সময় নিয়ে বাড়ল ধোঁয়াশা

**নিজস্ব প্রতিবেদন:** ৯ অগাস্ট ঠিক কখন মৃত্যু হয়েছিল আরজি করের তরুণী চিকিৎসকের তা নিয়েই তৈরি হচ্ছে ধোঁয়াশা। এই ধোঁয়াশা আরও ঘনীভূত হল পোস্টমর্টেম রিপোর্টের সঙ্গে ডেথ সার্টিফিকেটের কোনও মিল না থাকায়।

উল্লেখ্য, গত ৯ অগস্ট সকালে তরুণী চিকিৎসকের দেহ উদ্ধার হয় আরজি করের সেমিনার রুম থেকে। বেলা বাড়ার পর খবর যায় তাঁর পরিবারের কাছে। ঘটনাস্থলে যায় পুলিশ, ততক্ষণে বিক্ষোভ শুরু করেছেন আরজি করের জুনিয়র ডাক্তাররা। ফরেনসিক পরীক্ষার পর ওইদিনই আরজি করে হয় তরুণী চিকিৎসকের ময়নাতদন্ত। তারপর রাতে বাবা-মায়ের হাতে দেহ তুলে দেওয়া হয়। ওই রাতেই দাহকাজ সম্পূর্ণ হয়। ঘটমাক্রম ছিল মোটামুটি এরকমই।

ময়নাতদন্তের রিপোর্টে জানানো হয়, ৯ অগস্ট ভোর ৩টে থেকে সকাল ৬টার মধ্যে মৃত্যু হয় তরুণী চিকিৎসকের। কিন্তু শ্মশানের রেজিস্টারের কপিতে দেখা যাচ্ছে, পানিহাটির যে শ্মশানে তাঁকে দাহ করা হয়েছিল, সেখানে রেজিস্টারে লেখা, 'মৃত্যুর সময় দুপুর ১২টা ৪৪মিনিট।' এই রেজিস্টার দেখেই ক্রিমেশান সার্টিফিকেট তৈরি হয়।

দুটি নথিতে উল্লেখ করা সময়ের মধ্যে এত ফারাক কেন তা নিয়ে অবশ্য শ্মশান ম্যানেজারের বক্তব্য, ডেথ সার্টিফিকেট দেখেই ওই সময় (১২টা ৪৪মিনিট) লেখা হয়েছে। এই প্রসঙ্গে ম্যানেজার এও বলেন, 'কেউ বললেই তো আর লিখতে পারব না। ডেথ সার্টিফিকেটে লেখা ছিল এই সময়টা। সেই জন্যই আমরা লিখেছি।

# ভাটপাড়ায় গুলিকাণ্ডে তদন্ত যাবে এনআইএ'র হাতে: অর্জুন সিং



**নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর:** ভাটপাড়ায় বোমা-গুলি কাণ্ডের তদন্ত কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা এনআইএ-র হাতে যাবে। বৃহস্পতিবার জগদ্দলের মজদুর ভবনে সাংবাদিকদের মুখোমুখি হয়ে এমনটাই দাবি করলেন ব্যারাকপুরের প্রাক্তন সাংসদ অর্জুন সিং। তাঁর ব্যাখ্যা, ওখানে বোমা-গুলি চলেছে। এত আগ্নেয়াস্ত্র, বোমার মশলা কোথা থেকে আসছে। তার তদন্ত এনআইএ করতে পারবে। এই তদন্ত পুলিশ কমিশনারেট করতে পারবে না। তাঁর দাবি, গুলি-বোমা কাণ্ডের ভিডিও ভাইরাল না হলে ঘটনাটা ধামাচাপা হয়ে যেত। তাঁর অভিযোগ, ঘটনায় অভিযুক্ত টিপুয়া ও সনুয়াকে পুলিশ ধরেনি। যাদের মদতে ঘটনাটি ঘটেছে, তাদের কেন পুলিশ গ্রেপ্তার করছে না, তা নিয়েও প্রশ্ন তুললেন প্রাক্তন সাংসদ। তাঁর অভিযোগ, ভাটপাড়ার ১২ নম্বর ওয়ার্ড জুড়ে দুষ্কৃতীদের দৌরাত্ম্য চরমে। অবৈধ হকিং থেকে শুরু করে জুয়া, মদের ঠেক রমরমিয়ে চলছে। অথচ নির্বিকার প্রশাসন।

# 'ওয়েস্ট বেঙ্গল ডাইরিস' ছবি মুক্তিতে বাধা দিল না কলকাতা হাইকোর্ট

**নিজস্ব প্রতিবেদন:** ওয়েস্ট বেঙ্গল ডাইরিস ছবি প্রকাশে কোনও বাধা নেই, এমনটাই জানিয়ে দিল কলকাতা হাইকোর্ট। সনোজকুমার মিশ্র পরিচালিত ওই সিনেমাটি ৩০ অগস্ট মুক্তি পাওয়ার কথা। গত বছর এই ছবি ট্রেলার মুক্তির পর থেকেই বিতর্ক দানা বেধেছে। ছবিতে বাংলার সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট করা হয়েছে অভিযোগ তুলে বহু অভিযোগ জমা পড়ে কলকাতা পুলিশের কাছে। এই অভিযোগের ওপরেই ছবির রিলিজের উপর স্থগিতাদেশ চেয়ে আদালতের দ্বারস্থ হন রাজীব কুমার ঝা নামে এক ব্যক্তি। মামলাকারীর এও দাবি, সিনেমাটিতে রাজ্য প্রশাসনের সমালোচনা করা হয়েছে।

এদিকে আদালত সূত্রে খবর, বৃহস্পতিবার এই মামলার শুনানিতে প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম গুরুত্বই দিলেন না অভিযোগকারীর আর্জিতে। প্রধান বিচারপতির পর্যবেক্ষণ, 'বই বা সিনেমা ব্যানের ওপর সুপ্রিম কোর্টের অর্ডার রয়েছে। আপনার ইচ্ছে হলে দেখুন না হলে, দেখবেন না। আপনাকে কেউ কিছু চাপাচ্ছেন না। গণতান্ত্রিক দেশে এটা স্বাভাবিক। যদি কেউ কাউকে সমালোচনা করেন সেটা তার অধিকার আছে। এই ধরণের জনস্বার্থ মামলা আমাদের কাছে উপচে পড়ছে। বুধবারই একই ধরণের বিষয়ে একজনকে সতর্ক করেছি। এসব বাদ দিয়ে অনেক সিরিয়াস ইস্যু আছে। এরাজ্যের মানুষ অনেক সহনশীল। তাঁদের বিবেচনার ওপর ছেড়ে দিন।' এদিকে আদালত সূত্রে খবর, ওয়েস্ট বেঙ্গল ডাইরিস মামলার তিন সপ্তাহ পর শুনানি।

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১

**Abridged Tender Notice**

Executive Engineer, Nadia Irrigation Division, Krishnagar, Nadia invites Short Notice Inviting Tender for one nos. of work vide SNIT No. **WBIW/EE/NID/SNIT-02/2024-25** under Nadia Irrigation Division. Amount put to tender **Rs. 4,85,163.00**
Last date & time for receiving of application is on **02.09.2024 up to 17.15 Hrs.**
Other details may be obtained from the office on working days and also from the Departmental website:- **www.wbiwd.gov.in**
**Sd/-**
**Executive Engineer Nadia Irrigation Division**
**Krishnagar, Nadia**

**CORRIGENDUM**
**NOTICE INVITING E-TENDER**
**1. N.I.T. No. – WBMAD/ULB/RSM/124/24-25/2nd Call**
**Dated 16.08.2024**

